


Vol. 40 | No. 1 | 1996

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## ঢাকা বিশ্ববিদ্যালয় পুথিশালার নবাবিষ্কৃত পুরোনো দলিলপত্র


| | |
|---|---|
| Volume | 40 |
| Issue | 1 |
| Year | 1996 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | Muhammad Shahjahan Mia |
| Published online | October 1, 1996 |
| DOI | 10.62328/sp.v40i1.8 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v40i1.8 |
| Pages | 121-190 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

# ঢাকা বিশ্ববিদ্যালয় পুথিশ

Check for updates

# নবাবিষ্কৃত পুরোনো দলিলপত্র

মুহম্মদ শাহজাহান মিয়া

[ পূর্ব প্রকাশিতের পর ]

## দলিল পত্রসমূহের মূলপাঠ

### ১৯৩

৭শ্রীহরিশ্বরন

৭ঁমহিমার্ণ্ণব রাজহংস রসিক রসবর সদ্‌গুণ সমোহ
প্রেমাব্ধি সদ্‌গন্ধ মধুকমল সদ্ধৃত মধুকর
শ্রীযুক্ত চন্দ্রমনি রায় মহাসয় মমদয়ানুবরষু
আদৌঃ মহাসএর রাজলক্ষ্মী সদাসর্ব্বশ্রীল্ শ্রীশ্রী-
যুত্ত ৺ পাদপৌদ্যে রাজলক্ষ্মী সপ্রাথিত এথার মঙ্গলপর
নিবেদন এই মহাসএর লেখনর সমাচার শ্রীভাগবৎ দাষ
মহাসএ বাচনিক জ্ঞাত হৈয়া কৃতঃকৃতার্থ হৈলাঙ
কীন্তু নিবেদি আমাকে আপনার নিজ আজ্ঞাকারির
মৈধে রাখিবেন্ অন্যমত না করিবেন্ সময়ানুরূপে ভিন্নানু-
ভাব মনে রাখিবেন্ না আমার সমস্ত আপনার নিকট
গোচর য়াছে কীন্তু সুনিলাম মহাসএর বাড়িতে আসাড়
মাসের পঞ্চদষ দিবসে শ্রীগ্রন্থ পুর্ন্না হৈবেক এহা-
র দর্শণ বহু ভাগ্যাদয়ের কথা এসব আমি পাপানুচিত্ত-
কে ঘটণ্ দুসাদ্য মাত্র শ্রীযুক্ত ৺ গোস্বামি জিউ পাদ-
পৌদ্যে নিজানুআজ্ঞাকারি নিমিত্ত নিবেদন পাইবেন মাত্র
এথার সমস্ত সমাচার মহাসএরার পত্র দ্বারায় জ্ঞাত অব্যশো

হৈবেন্ আমি কী নিবেদন করিব আর পত্রদোষ না লৈবেন্
ইতি সন ১২০৯ বাঙ্গলা মাহে ৩০ জৈষ্ট

## ১৯৪

শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুঃ

শ্রীযুদ্রাধা গোবিন্দাজ্বল রসচিন্তামণি
পরিপাকলহরী বিবেচক মদীশ্বর শ্রীল শ্রীনিধি-
রামগোস্বামি শ্রীযুচ্চরণারবিন্দেষু সংসারসিন্ধু
দুস্তর ঘোরবন্ধনে পতিত দীনাতিদীন ভজনহীন
শ্রীবংশিদাস নাম্নঃ কস্যচিজ্জনস্য দন্তেস্তৃণ-
গুচ্ছমাদায় ভূমৌ সাষ্টাঙ্গ কোটিশঃ পূর্ব্বক নিবে-
দনান্যেতানি ফরাসডাঙ্গায় একটী ভট্টাচার্য্য নিকট
পাঠ আরম্ভ করিয়াছি ভট্টচার্য্য অতি উত্তম লোক
পাঠ সুন্দর রূপ চলিতেছে ইহাতেই এই ভট্টাচার্য্যের
নিকট ব্যাকরণ আদি কিছু পাঠিলাম সংপ্রতি ধাতু-
পাঠ গ্রন্থ কিঞ্চিৎ বাকি আছে তাহা হইলে অন্য কিছু
পাঠিয়া টীপ্পনী আরম্ভ করিব বাসার খরচ সমুদয়
আপন হস্ত হৈতে করিতেছি তাহাতে হস্ত শূন্য হইল প্রায়
আপনকারদিগের সমাচার না পাইয়া উদ্বিগ্ন আছি
অতএব আশীর্ব্বাদপত্রে মঙ্গল সমাচার লিখিয়া উদ্বিগ্ন
দূর করিবেন কিমধিকমিতি পত্রদোষ ক্ষমা করি-
বেন = তারিখ — ৬ আশ্বিন =

১৯৫

৺শ্রীশ্রীরাধা শ্রীলগোবিন্দ পাদারবিন্দ বিগনন্মাধ্বীকপানা-
নন্দিত মত্তমধুপ শ্রীশ্রীমন্নদীশ্বরাত্মাধিক রসিক সভা
সভাজিত শ্রীশ্রীগৌরকিসোর ঠঃকুর মহাশয়চরণসরোজ্জে-
ষু সদা আজ্ঞাকারি শ্রীরাধাকৃষ্ণদাস ও শ্রীগোবিন্দপ্রসাদ
দাস ও শ্রীব্রজমোহন দাস ও শ্রীচৈত্যন্যপ্রসাদ দাস ও শ্রীপরমানন্দ
দাস যুগ্ম ও শ্রীগোবর্দ্ধন দাস ও শ্রীভাগবত দাস ও শ্রীরাধারমন দাস-
স্য ভূমিপ্রণত্য সত সহস্র দণ্ডবত প্রণতি নিবেদঞ্চেতি আদৌ আপ-
নার চরণ কৃপাতে অত্র মঙ্গল পর নিবেদন এই আপনার কৃপাপত্র পাই-
য়া কৃতার্থ হইলাঙ যে লিখিয়াছিলেন অনেক দিবস হৈল এ স্থানের সংবাদ
না লেখি আমরা লিখন পাঠাইবার সংযোগ না পাই জন্যে লিখিতে না
পারি আর যে লেখিয়াছিলেন কার্ত্তিক মাসেতে শ্রীহট্য আসিবার
মনস্ত রাখেন এহাতে নিবেদন এই সম্প্রতি এস্থানে অনেক তিরোটি স-
কলের চাকুরি না আছে অবস্য শুনিয়া থাকিবেন এবং অনেক২ কথা-
রতি রোটি এতে সম্প্রতি আপনে আসিবার চেষ্টা না করিবেন সং-
বাদ অনুরূপ আসিবেন আর শ্রীশ্রীযুক্ত ৺ শারিরিক মঙ্গলবার্ত্তা
ও আপনাদের মঙ্গলবার্ত্তা লেখিয়া সন্তোষ করিবেন আর ...
চাকুরি জাইতে উহান দিনপাত সংসয় এতে উহান বাড়ি বিন দস দিব-
স তিষ্ঠিবার সকল খান আপনে জ্ঞাত আছেন আমারা কি নিবে-
দিব ইতি সন ১২০৫ বাঙ্গলা মাহে ৬ আঁস্বিন

১৯৬

৺ শ্রীহরি

নি. শ্রীলক্ষিপ্রয়া বৈষ্ণবি

শ্রীশ্রী রাধাগোবিন্দ দেব শেবাপরায়ন
শ্রীমান্ সান্তদাস অধিকারি বাবাজিউ
সুমধুর চরিত্রেষু
সমাচার এই আমি আপনার নিকট সাক্ষাৎ
হইআ এখানে পৌছিআছি পরে
আমার মালামাল গতো সমবারে দেওআর
কথা ছিল আমি অই তারিখে নৌকা
সাব্যস্ত করিআছিলাম নৌকাসহ মাজি
আসাতে রাধু সাহার মাতাএ বলে জে আমি
অই মালামাল দিতে পারি না আমার ছাই-
লাকে সংবাদ দিআ নিও ঢাকার অধিকারিকে
আনেন্ তাহান্ সাক্ষাতে দিব আর সুনা জা-
ইতেছে রামগোবিন্দ ও আমার সিশ্য হরি-
কিসরি আমার সিন্দুক ও জিনিশপত্র দিব না
অতএব লিখি আপনে উকিল মুক্তারের নিকট
এহার কি বিহিৎ হএ তাহা জানিআ অতি শি-
গ্রহ এখানে আশিবেন পরামশ্য করিআ
জাহা করা হএ তাহা করিবেন পত্র পাওআ মাত্র
আসিবেন বিশেস সাক্ষাৎ হইলে জানাইব
ইতি সন ১২৯২ সন ১৩ কার্ত্তিক

১৯৭

৭শ্রীলশ্রীকৃষ্ণচৈতন্য শরণং
শ্রীনবীনদাসস্য

পরমপরমারাধ্যতম শ্রীলশ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু চরণাব্জানাং
শ্রীমচ্চরণারবিন্দ বিগলন্মাধ্বীক পানানন্দিত চিত্তমত্তমধুপ
শ্রীযুক্তশ্রীবাঞ্ছারাম ঠকুর পাদাম্ভোজানাং শ্রীমচ্চরণরাজীব
প্রতীকেষু ভবদীয় সতীর্থাভাসস্য কস্যচিজ্জনস্য নামমাত্রে-
ণৈব শ্রীনবীনদাসস্য সাষ্টাঙ্গ ভূমিপতন নতিনুত্যাদিত্যাদি পূর্বিকা নিবে-
দনীয়া নিবিবিয়ং পরন্তু বিশেষশ্চেতি শ্রীশীতারাম ঠক্কুরের শিষ্য শ্রী-
জয়কৃষ্ণ দাস তাহার শিষ্য শ্রীকৃষ্ণদাস বৈরাগী তেঁহো অপ্রকট
সময়ে আমাকে তাহার অর্থবৃত্তি যে ছিলেন তাহা সকল দিয়াছিল
তাহা তাহার সতীর্থ শ্রীদয়ানুদাস বৈরাগী মানেন্ না পরে সক-
ল অর্থবৃত্তি আপনে চাহেন পরে শ্রীশ্রী ৺* শিষ্য শ্রীকৃষ্ণকিশো-
র ঠক্কুঠ (ঠক্কুর?) তথা শ্রীনবকিশোর ঠক্কুঠ (ঠক্কুর?) সাক্ষী বোলাইয়া বিচার
করিলেন তাহা মানেন্ না পুনশ্চ শ্রীশ্রী ৺** শিষ্য শ্রীকুঞ্জ
দাস ঠক্কুর তথা শ্রীশ্রী ৺*** অনুশিষ্য শ্রীশান্ত দাস বাবাজীয়ূ প্র-
ভৃতি সাক্ষী বোলাইয়া বিচার করিলেন তাহাহ মানেন না
পুনশ্চ শ্রীনন্দদুলাল ঠাক্কুর কহিলেন যে শত টঙ্কা দিয়া
মহোৎসব করহ আর পুস্তকের পুষ্পমূল্য পঞ্চাশ ট-
ঙ্কা শ্রীশীতারাম ঠাকুরকে দেহ তাহাতে আমি কহিলা-
ম আপনাদিগের ঠাকুর বর্গ্নের বিচারে জাহা হ-
এ তাহা করিব ইহা আপনকার শ্রীচরণে নিবে[দ]ন করিলাম
আপনে শ্রীগোপীচরণাধিকারি বাবাজীয়ূ প্রভৃতিকে লইয়া
বিচার করিবেন কিন্তু সমুদায় অর্থবৃত্তি নগদ উনষ-
ষ্টি ৫৯ টঙ্কা ষষ্টি ৬০ টঙ্কার এক খত ২০ বিংশ-
তি টঙ্কার এক খত ৫ পঞ্চ টঙ্কার এক খত আর ১৪
চতুর্দশ খান গ্রন্থ তাহার মধ্যে ষষ্ঠি ৬০ টঙ্কার আসামি
পলাতোকা নগদ উনষষ্ঠি ৫৯ টঙ্কার মধ্যেহ বহ্নিম-
হোৎসবে কিছু খরচ হইয়াছে অতএব নিবেদন আ-

পনে মহোৎসব পূজার ব্যবস্থা করিয়া আজ্ঞাপত্রি

পঠাইবেন কিমধিকমিতি তারিক ২৫ মাঘ

*চিহ্নিত স্থানের জন্য পত্রের উপরের 'প্রান্তিক'-এ লিখিত টীকা :

'১০ রামপ্রসাদ গোস্বামি জীয়ুর'।

(এখানে '১০'-সংখ্যাটি মূলপত্রের পঙ্‌ক্তিসংখ্যানির্দেশক।)

**চিহ্নিত স্থানের জন্য পত্রের উপরের 'প্রান্তিক'-এ লিখিত টীকা :

'১২ যুগলচরণ গোস্বামি জীয়ুর'।

(এখানে '১২'-সংখ্যাটি মূলপত্রের পঙ্‌ক্তিসংখ্যানির্দেশক।)

***-চিহ্নিত স্থানের জন্য পত্রের উপরের 'প্রান্তিক'-এ লিখিত টীকা : '১৩ সদানন্দ গোস্বামি জীয়ুর'। (এখানে '১৩'-সংখ্যাটি মূলপত্রের পঙ্‌ক্তিসংখ্যানির্দেশক।)

১০ রামপ্রসাদ গোস্বামি জীয়ুর

১২ যুগল চরণ গোস্বামি জীয়ুর

১৩ সদানন্দ গোস্বামি জীয়ুর

## ১৯৮

৺শ্রীশ্রীদুর্গা

আজ্ঞাকারি শ্রীকেদারেশ্বর শর্ম্মণ

প্রনাম নিবেদনঞ্চ আগে মহাশয়ের শ্রীচরন আশী-
র্ব্বাদে এজনার শমস্ত মঙ্গল বিশেষ নিবেদন আপন-
কার একপত্র শ্রীযুত আদ্দনাথ চন্দ্র মহাশয়ের মারফৎ
পাইআ তাহাতে শকল শমাচার জ্ঞাত হইয়াছী
আপনকার কাপরের খাতার বাকী আদাএর জন্য
লিখিয়াছেন তাহা আদায় করিয়া পশ্চাৎ পাঠাইয়া
দীবো এখানকার শকল মঙ্গল শ্রীযুত তারকেশ্বর
চট্টোপাধ্যায় মাতুল মহাশয় শ্বারিরিক ভালো আ(ছেন)

তাহার বাটীতে কহীবেন কোন ২ বিশয় চিন্তা না করে(ন)
আপনী উভয় বাটীর মঙ্গলাদী মদ্দে ২ লিখিতে
আজ্ঞা হইবেক নিবেদন ইতি সন ১২৬২ সাল
তারিখ ২৮ চৈত্র

[উপরের পাশে লেখা]

পু: নিবেদন
শ্রীযুত শ্রীরাম বল মহাশয়ের
বাটীতে আমার বাটীর কারন
খাস কোম্পানী কল ১০ দষ টাকা
পাঠাই মফশালে শ্রীতারা বটমীকে
পাঠাইয়া আনাইয়া লইবেন ইতি

[ডানপাশে লেখা]

পূজনীয় শ্রীযুত————————
মাতুল মহাশয় শ্রীচরনেষু
দেনা মোকাম শীঙ্গা
প্রনামপত্র শ্রীকেদারেশ্বর বন্দ্যোপাধ্যায়

১৯৯

শ্রীশ্রীহরয়ে নমঃ ।।

৭শ্রীমদ্রাধা শ্রীলগোবিন্দদেব চরণসেবৈক-
নিষ্ঠচিত্ত শ্রীযুত রামমোহন ঠক্কুর প্রভৃতি মহা-
শয় মহানুভাবেষু যুষ্মৎ সতীর্থাভাষস্য শ্রীগৌর-

কিশোর দাসস্য নৃত্যাদিপূর্ব্বক ভূমৌনিপত্য দণ্ডবৎ
প্রণামানন্ত্য নিবেদনমিদং এস্থানে আমার সঙ্গে যে
আপত্য ছিল সে আপত্য নিবৃত্ত হইয়াছে আর এস্থানের
ভিক্ষাহ হইয়াছে জানিবা মাত্র যে ভিক্ষা হইয়াছিল তাহা
সামিগ্রি আদির নিমিত্ত বরাত দেওা গেল নগদ কিছু
পাই নহি আর পাচ সাত দিবসের মধ্যে সোলঘরাদিতে
জাইতে মনস্থ করিয়াছি জানিবেন আর আপনে যে নারা-
ন গঞ্জাদিতে ভিক্ষার্থে জাবার কথা ছিল সে আঞ্চলে কি
ভিক্ষা হৈয়াছে লিখিবেন যদি যাঞা না থাকেন তবে শীঘ্র
যাবেন এহাতে গৌন করা ভাল নহে আর কে কথা হইতে
আসিয়াছেন এবং কে কথা গিয়াছেন লিখিবেন আর শ্রী-
রাঘব দাস মহাশয় মকসুদাবাজ যাঞাছেন কিনা সংবাদ
পাঠাবেন আর শ্রীযুত নিত্যানন্দ মহাশয়কে কহিবেন খাজা-
ঞ্চি মহাশয়ের গ্রন্থ শীঘ্র লেখেন আর শ্রীযুত দয়ারাম পাল
মহাশয়কে কহিবেন যদি মহোৎসবের কোন সামিগ্রী সস্থা
হয় তবে খরিদ করিয়া রাখেন আর আখড়াতে কোন ২
ঠক্কুর আছেন তাহা লিখেবেন ইতি ২৩ ভাদ্র
পুনশ্চ লিখি পুষ্প———————————পাঠাই জায় মতে লইবেন
ইতি

২০০

শ্রীহরয়ে নমঃ

শ্রীঅপূর্ব্বা দাস্যাঃ

প্রাণাধিক শ্রীগৌরাঙ্গ দাস বাবাজীউ
সুমধুর চরিতেষু সদাশিষা লিখনঞ্চেতি

তোমার পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম
শ্রীস্বরূপ রায়ের টাকা দিয়াছ তুমি লইবা তুমি
শীঘ্র যে রূপে পাই তাহা করিবা আমি এথা হৈতেঁ
কোন চেষ্টা করিতে পারিব না তুমি যে রূপে লই-
তে পার লইবা মঙ্গলাদি লিখিয়া সন্তোষ করিবা
ইহা জ্ঞাত করিলাম ইতি সন ১২৪০  তে ২১ ফালগুণ

২০১

শ্রীরাধায়ৈনমঃ।।

মহানুভাবচরিত
পরম ভাগবতোত্তম

শ্রীযুত শ্যামদাস ঠঃকুর চরণকমলেষু
ভবদীয় সতীর্থাভাস শ্রীবৃন্দাবন দাস-
স্য সাষ্টাঙ্গ দণ্ডবৎ পূর্ব্বকং নিবেদনমিদং
সিন্ধুকের কোঠরি মধ্যে আমার ঁ *পুথির ম-
ধ্যে সাদা তুলট কাগজ সাত ফর্দ্ধ বলটিয়া
রাখিয়াছি সেই কাগজ সাত ফর্দ্ধ আর
মধ্যলীলার কেবল শেষ এক পরিচ্ছেদ
পুথি শ্রীকৃষ্ণদাস মহাশয়ের স্থানে অ(ব)-
শ্য২ দিবেন এক লিখন হাজার তাগাদা জা-
নিবেন আর মহাশয়র মারফৎ মিটা নার (কেল)
২৫ পচিষটা পেঠাই আমি৶ রথযাত্রা পর

নিকট পৌচিব ইহা নিবেদন করিলাম ইতি
সন ১২০৯ তেরিখ ১৫ আসাড়

[উপরের পাশে লেখা]

পু. লিখি সেই পুথির
মধ্যে মুক্তাচরিত্র পুথি আ-
মি ভূলিয়া রাখিয়া আসিয়াছি
আপনার কাজ থাকে নিবেন

*-চিহ্নিত স্থানের জন্য পত্রের উপরের 'প্রান্তিক'-এ লিখিত টীকা: 'শ্রীচৈতন্যচরিতামৃত'।

## ২০২

শ্রীরাধাকৃষ্ণাভ্যাংনমঃ

শ্রীগৌরকিশোর দাসস্য

প্রাণাধিক শ্রীস্বরূপদাস বাবাজীউ
তথা শ্রীগোবিন্দরাম বাবাজীউ তথা শ্রীকানুরাম
বাবাজীউ শ্রীজগন্নাথ দাস বাবাজীউ শ্রীবলরাম
দাস বাবাজীউ শ্রীমদন দাস বাবাজীউ শ্রীরাজ-
কৃষ্ণ দাস বাবাজীউ শ্রীখড়কুদাস বাবাজীউ
শ্রীহুকুমচান্দ দাস বাবাজীউ প্রভৃতি সুমধুরাশয়েষু
সপ্রেমালিঙ্গন পূর্ব্বকং শ্রীমতাং ভবতাং শ্রীশ্রী ভজ-
নোনৃত্যাদয়ঃ প্রার্থিতাঃ সন্ত্য পরন্তু শ্রীসদানন্দ
দাস বৈরাগি বাবাজীউ আমার নিকট হৈতে তোমা-

দের নিকট যাইতেছে ইহাকে প্রীতি সহায়ানকুল
করিবা ইহা গোচর করিলাঙ ইতি ২১ আশ্বিন

[ অপর পৃষ্ঠায় লেখা]

প্রাণাধিক শ্রীস্বরূপ দাস বাবাজীউ সুমধুরাশয়েষু
সপ্রেমালিঙ্গন্ পুর্ব্বক আশীর্ব্বাদঃ জ্ঞাতব্যঃ
সমাচারঃ তুমি এখানে আমার শ্রীশ্রী৺*
কুঞ্জেতে সে দেশ হৈতে অনেক প্রকার সহায়
করিতে বলিয়া গিয়া ভুলিয়া রহিলা এবং
তোমার মঙ্গলাদি সম্বাদ না লেখিলা
অতএব লিখি যদি তোমার সাধ্যে
এবং পেয়ারাপুর হৈতে যাহা করিতে
পার আর তুমি নিজে যাহা
দিতে বলিযাছিল
তাহা করিয়া
ণ.　ঢাকার আখাড়া হৈতে
তোমার গোস্বামী শ্রীযুত অধিকারী
ঠঃকুর মহাসয়ের লোকের যোগে
শ্রীশ্রী৺ ধামে কুঞ্জেতে আমার
নামে পত্র দিয়া পাঠাইবেন　　　　লিপিরিয়ঃ শ্রীদুর্ল্লভ
ইতি　　　　দাসস্য পেয়ারাপুর
পৌছে সমুদায়
১৯ পুঙক্তি

*-চিহ্নিত স্থানের জন্য সংশ্লিষ্ট পৃষ্ঠার ডানপাশের 'প্রান্তিক'-এ লিখিত টীকা : '৩ মতীশ্বর গোস্বামির'।

(এখানে '৩'-সংখ্যাটি মূলপত্রের সংশ্লিষ্ট পৃষ্ঠার পঙ্ক্তিসংখ্যানির্দেশক।)

২০৩

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।।

শ্রীমদ্রাধা শ্রীলগোবিন্দ-
দেব চরণারবিন্দ বিগলন্মা-
ধ্বীক পানানন্দিত চিত্তমত্ত
মধুপ শ্রীযুত গৌরকিশোর
দাস ঠক্কুর রসিক প্রবরেষু
ভবদীয় সতীর্থ্যাভাষস্য শ্রীচৈ-
তন্য দাসভিধস্য দণ্ডবৎ প্র-
নামানিবেদনমিদং।। আ-
পোনার পত্র পাইয়া সমাচা-
র জ্ঞাত [হ]ইলাম লিখিয়াছেন
পাঠ অদ্যাবধি সমাপ্ত হয়
নাহি সমাপ্ত হইলে পর
মৃজানগর প্রভৃতি যে যে
স্থানে যাইতে
হয়ে যাবেন লাগাদ ১৫ পো-
নরই পৌষ মাস পর্য্যন্ত
আপোনে বাড়িত আসিবেন
আপনার সঙ্গে সাক্ষাত
হইয়া আমি প্রবাস যাইব
নতুবা অন্যত্র কোনখানে
পাঠ করিতে হয় তবে পাঠা-
রব্ধ করিয়া সমাচার লিখি-
বেন পরে যে বিহিত হয় করা
জাবেক বৈরাগী একজন প-
ঠাইতে বলিয়া পঠাইয়াছেন
শ্রীকিশোরদাস বাবাজীউ-
কে পঠাই প্রিত করিয়া সঙ্গে
রাখিবেন বিশেষ সমাচা-
র বাবাজীউ প্রমুখাৎ জ্ঞাত •

হইবেন নিবেদনমিতি
তেরিখ ১২ অগ্রায়ন

[অপর পৃষ্ঠায় লেখা]

অস্মিন্ পত্রে শ্রীবৃন্দাবন
দাসাভিধেয়স্য ভবদীয়
সতীর্থ্যাভাষস্য ভূমৌনি-
পতিতস্য সাষ্টাঙ্গ দণ্ডবৎ
প্রণামানি সহস্রানি নিবে-
দনমিদং।।

২০৪

৭শ্রীশ্রীরাম

রামদাষ

৭সেবক
শ্রীবলরাম দাষ
ভূমৌ নিপত্ত সহস্র২ দণ্ডবৎ নিবেদনঞ্চা-
দৌ শ্রীচরণাসির্ব্বাদে অত্রানন্দ পরং
শ্রীযুত ৺ অধিকারি ঠাকুর আমার
স্থানে দুই স৩ টাকা কর্জ্জ নিলেন
কড়ার বৈসাখ মাসে দিবেন তাহা
অদ্য তক না দিয়া আমার কার্য্য ক্ষান্ত

করিতেছেন তাহা একারন
আপনার স্থানে নিবেদন লিখি তিনি-
হ জাইতেছেন জেমতে টাকা দস
পাচ দিবসের মধ্যে পাই এমত
অবধান হবেন শ্রীচরনে নিবেদন-
মিতি তেং ১৭ অগ্রান

[উপরের পাশে লেখা]
পুনশ্চ নিবেদন লিখি আপনার দ্যিগের
অপক্ষাত আছি নতুবা আপনে জে আজ্ঞা
করেন তাহা বুঝিলে টাকা লইতেহ পারিব ইতি

২০৫

ভৃত্যাভাসস্যাভাসস্য কস্যচিদ্দীনাতিদীন-
হীনস্য নিরবধি পাপপাপচ্যমান মানসস্য
গোরাচান্দ দাস নাম্নো জনস্য ভূমৌ নিপত্যোৎপত্য
সাষ্টাঙ্গ প্রণিপাত পূর্ব্বক প্রণামানি শত সহস্রাণি
সন্তি শ্রীচরণ স্মরণাভাসেনৈ বাত্রানিশং শংবর্ত্ততে পরন্তু
কৃপাপত্র পাইয়া শিরোধার্য্য করিয়া সমাচার জ্ঞাত
হইলাম লিখিয়াছেন শ্রীশ্রীযুৎ ৺১ ক্ষেত্র হইতে আসিয়া
চুচুরা মোকামে আছেন শ্রীশ্রীযুৎ ৺২ ঠঃকুর প্রভৃতি কথোক
ঠঃকুর শ্রীশ্রীযুৎ ৺৩ পটিতেছেন আমিহ তথা গেলে শ্রবণ
ভাগ্য হয় তাহাএ পরম ভাগ্যের কথা আমি অভাগা যে দুস্ক-
র্ম্ম ভোগে আছি আমার এ পরমানন্দ লভ্য দুর্ঘট শ্রীশ্রীযুৎ
৺৪ ঠঃকুর প্রমুখাৎ সুনিলাম গত সনে এখান হৈতে গিয়া পর

শ্রীশ্রীযুৎ ৺৫ ধামগমনের সংযোগ হইয়াছিল নৌকা পর
জাত্রা করিয়া পশ্চাতে জানিলেন পরবস গমন্ তাহার স-
ইছাধিন্ তটপ্রাপ্তি এহা যানিয়া সে নৌকায় গমন করিলেন না
আমার মনে আইসে সেখানে স্ববস নৌকা কখনহ ঘটিবে না
যদি এখানে আইসেন্ তবে মাঘ মাসে শ্রীশ্রীযুৎ৺ মহোৎস-
বের পর স্ববস নৌকা করিয়া পাটনা কিম্বা কাশী পর্য্যন্ত
সেই নৌকায় জাএন্ তথা গিয়া অন্য নৌকা সংযোগ হএ
কিম্বা তটাবর্ত্তে গাড়ি ঘোটকাদি দ্বারাএ পুস্তকাদি নির্ব্বাহ
পূর্ব্বক জাওয়া জায় এ উত্তম কল্প হএ যদি আজ্ঞা হয় লিখি-
বেন আইসনের সংগতি লিখিব শ্রীযুৎ ৺৬ ঠঃকুর প্রভৃতি
ছাত্র সঙ্গে আসিবেন্ যদি এহা না হএ তবে এখানে জে এথ
দ্রব্য আছে তাহা কার সংযোগে নিকট পৌচাইব কৃপা পূর্ব্বক
শ্রীচরণ মঙ্গলাদি সম্বলিৎ এপত্রের উত্তর লিখিয়া—
এ ভৃত্যেকে কৃতার্থ করিবেন অপর এখান হতে কোন স(ামান)
পাঠাইলে কলিকাতা ঘাটে অনেক কটকিনা অতএব
ঘৃত নিমিত্তক ২ দুই টাকা দুগ্ধ নিমিত্তক ৩ তিন টাকা
একুনে পাচ টাকা সিক্যা পাঠাই লইয়া এই সামা(ন)
সেবাতে দিতে আজ্ঞা হবে এহা শ্রীচরণে নি(েবদন)
করিলাম ইতি

[পত্রের পাদটীকা (পঙ্‌ক্তিসংখ্যার উল্লেখসহ)]

১. ৭পুরুষোত্তম
২. ভগবান৮
৩. ৯সারসংগ্রহ
৪. রামদাস১২
৫. বৃন্দাবন১৩
৬. ভগবান২২

[উপরের পাশে লেখা]

পুনশ্চয় গোপিতিলক চন্দন
৪।।) চাই(র) তোলা নএ আনা ওজনে
পাঠাই লইবেন

২০৬

৭শ্রীদুর্গা

শীদ্ধান্ত

কল্যাণবরেষু।—

পত্র পাইয়া শমাচার জ্ঞাতো হইলাম
জে২ কাপড় পঠাই তালিকামত লইবা আর জে
কাপড় ধোপাবাড়ি আছে তাহা পরে পঠাণ
জাবেক ভট্টাচার্য্যের কাপড় জে পঠাইয়াছ
তাহা পরে পঠাইব আমার জাওার কথা
শ্রীযুক্তাগ্রজ মহাশয় কহিয়াছিলেন্ তাহাতে
বিবেচনা করিলাম জে তিনি বাড়িতে না
পহুছিলে জাওা হয় না এহি বিবেচনা
করিয়া জাওা ক্ষ্যন্ত পাইয়াছি শ্রীযুক্ত কমল
ভট্টাচার্য্যে(র) বাড়ির জে পত্র আশীয়াছে তাহা
পঠাই দিবা তাহার বাড়ির শারিরিক মঙ্গল
জবাণীতে জ্ঞাতো হইয়াছি শ্রীযুক্ত প্রাণণাথ
শর্ম্মণ দৌলতপূর গিয়াছিল তাহার স্থাণে
শ্রীযুক্ত রামকুমার ভট্টাচার্য্যের ঠাকুর
শ্রীযুক্ত মহাশয় কহিয়াছেণ জে তাহার
[অপর পৃষ্ঠায় লেখা]
দিগের বাড়ির এবং গ্রামের শকলের
শারিরিক মঙ্গল শ্রীমাণ লিখণ চাহিল
তাহাতে তিণী কহিলে(ন) জে তুমি কহিয় জে

বাড়ির বিশয় কোণ ভাবণা
না করেন্ শারিরিক শাবধান থাকিয়া
আত্ম কার্য্য করিলেই পরম সুষ্ট হই এমত
জবাণীতে কহিতে কহিয়াছেন্ বাড়ির
বিষয় র্নিভাবণাতে থাকিতে কহিয়াছেণ
ইতি তোমারদিগের শারিরিক মঙ্গল
লিখিবা এথাকার কোণ বিশয় ভাবিত নহিবা
ইতি ২১ বৈশাখ
[ঊর্ধ্বপার্শ্বে লেখা]
তালিকা
কাপড়

| | |
|---|---|
| কোমলের | ২ |
| গঙ্গাকান্তের | ১ |
| তোমার | |
| নতুন | ১ |
| দোপাটা | ১ |
| | ৫ |

মং পাচখাণ
ইতি

২০৭

৭শ্রীশ্রীদুর্গা

শ্রীশ্রীচরণেষু
১৬ চৈত্রের একপত্র পাইয়াছি
এদানিক পত্রাদি পাই নাহি

এথাকার জে২ পত্র লিখিয়াছি
পাইয়া থাকিবেন আমারদিগের
শকলের শারিরিক মঙ্গল এবং
গুনাইগাছার শারিরিক মঙ্গল
নতুন বাড়ির একখান ঘর উঠানের
আয়জন করিয়াছি একধারা করিয়া
উঠাইব এমত কল্প করিয়াছি
শ্রীযুক্ত বিশেশ্বর শর্ম্মা বাড়ির বিশয়
এক লিখন আনীয়াছে তাহাকে শ্রীযুত
জিজ্ঞাশা করিয়াছিলেন্ জে সার্ব্ব-
ভৌম বাড়িতে ঘর করিয়াছেন কিনা
তাহাতে কহিয়াছে জে ঘর উঠিয়াছে
শেমতেই ঘর উঠাইতে হয় মাটি জে২
খানে উঠান লাগে তাহা উঠাইব শ্রী-
মালুয়ানস্য কাহিলি হইয়া বাড়িতে
গিয়াছে শেমতে শ্রীকুমর্দ্দী ম্রধাকে
রজনীর কারণ চাকর রাখিয়াছি আর
খোরাকি এক টাকা পাইবেক দিবাতেও
চিঠী খাটে বাহির বাড়ির দুই চউরি
তোলা দিয়া শরাইতে হয় স্থানের পছন্দ
না হওাতে ক্ষ্যান্ত পাইয়াছি আপনে
পহুছিলে জেমত হয় করিবেন বাড়ির
বিশয় কোন ভাবনা করিবেন না আপন-
কার দিগের মঙ্গল সমবলিত তথাকার

[উপর পাশে লেখা]

বিস্তারিত লিখিবেন
পাট কি তক হইয়াছে তাহার
শবিস্তার লিখিবেন আইশা
কালিন জদি নৌকা এথা হৈতে
জাইতে হয় তবে লিখিবেন
অন্নপ্রশন শ্রাবণে হইবেক

জ্ঞাতার্থ নিবেদন-
মিতি
১৫ বৈশাখ

২০৮

শ্রীদুর্গা

নমস্কারা নিবেদনঞ্চ বিশেষ নিবেদন
আমি সাখ্যাত পৌছিতে পারিলাম না
অতএব শ্রীদশরত বন্নিকে চাইল গরনের
জৈনে পূবে দুই টাকা দিআছি আর বাকী
৫।। পাচ টাকা মদ্দে ৪ চারি টাকা
পাঠাইলাম তাহা বুজিআ লইবেন
উক্ত বন্নিকে দিবেন তাহাকে বলিবেন তাহা-
র ১।।. দের টাকা বাকি আমি তথাতে গেলে
পাইবেক　　সন ১২৭৬ সন　　তারিখ
২৮ শ্রাবণ

নিবেদনপত্র　　　　　　　　শ্রীদুর্গা
শ্রীচন্দ্রকান্ত শর্ম্মা　　　　　　কালী তারা
ঘটক　　　　　　　　　　মহাবি(দ্যা)

[অপর পৃষ্ঠায় লেখা]

. . .
শ্রীচন্দ্রকান্ত ঘটক　　　　　　শ্রীচন্দ্রকান্ত শর্ম্মা ঘটক

সেবক | সন ১২৮৫ সন | তারিখ ২ ভাদ্র

কালী তারা ভরশা . . .

শ্রীদুর্গা | শ্রীরামচন্দ্র ঘোশ

শ্রীকান্তীরাম | কালীকৃষ্ণ ঘটক

২০৯

শ্রীদুর্গা

শ্রীকালিশঙ্কর শর্ম্মণ

মহামহীম শ্রীযুত বাবু
মোহণীমোহণ ঠাকুর জমিদার
পরগণে ইদিলপুর বরাবরেষু
দরখাস্ত শ্রীকালিশঙ্কর দেবশর্ম্মা
সাকিণ পরগণে বিক্রমপুর
সন ১২২৩ বারোসও তেইষ সাল
তারিখ ১৪ বৈশাখ
সবর আমার নিবেদণ এই পরগণা
মজকুরের চাকলে ছাইতালি মোতা-
লকে মৌজে কুতুবপুর আমার মাতুল
রামহরী চক্রবর্ত্তী নামে /6 সোয়া
কাণী জমী ইত্তউর আমার উৎসর্গ
আছে তাহাতে সনবসণ ঐ জমী মজকুরের
সস্য অর্দ্ধা আমী নিতেছী ইহাতে
ইমসন চাকলা মজকুরের তাহুতদারের

তরপ শ্রীলক্ষীকান্ত চাঠাড়ী আমার
দিগের জোদ্দার শ্রীহিম্মত খাকে
পাকড়া করিয়া ঐ জমী মজকুরের দাএ
করিয়া জামিণ লইয়াছে অতয়ব
কর্ত্তা মহাসয়ে হুকুম হএ আমার
জোদ্দারের জামিনী ছাড়ীয়া দেএ
আমার হক পাই ইতি সন ১২২৩

২১০

শ্রীদুর্গা
শহায়

আজ্ঞাকারি
শ্রীগোপীচন্দ্র শর্ম্মণঃ
সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ
বিশেষঃ আমার মাতুল ভ্রাতা শ্রীমা(ন)
কাসিনাথ আচায্যের সুভবিবাহ
১৮ আশার সুক্রবার হবেক ইহা(তে)
আপনার ঘরের নিমতর্ন্নপত্র (প্রেরণ)
করিলাম অনুগ্রহপুর্ব্বক অদি(ষ্টা)-
ন হইয়া কায্য শমাপন করিবেন
ইহা জ্ঞাত কারন নিবেদন করিলাম
ইতি শন ১২৩৮ শাল　তে ১৫ আশার

[পৃষ্ঠার ডানপাশে লেখা]

পুজনিয় শ্রীযুত অমরকৃষ্ণ ঘটক
পঞ্চানন মহাশএ মহিমাবরেষু
মোং বিলাষখান
নিবেদনপত্র শ্রীগোপীচন্দ্র . . .
. . .

২১১

৭ঁশ্রীরাম

সেবক শ্রীহরকীশোর শর্ম্মনঃ
প্রনামা পাদপদ্দে নিবেদন-
ঞ্চাদৌ মহাশএর শ্রীচরন আশীর্ব্বাদে
শেবক লোকের কাইক মঙ্গল পরং
নিবেদন এহী শ্রীযুত কৃষ্ণসুন্দর রাএ
মহাশএর ২৬ বৈশাখ বিবাহের দিন ধ্যার্য্য
করিয়া লগ্নপত্র দেওা গীয়াছে বিবাহ
কন্যাদাতার বাড়ীতে হইবেক অতএব
আমাকে শ্রীযুত ৺ * ঠাকুর মহাশএ আপ-
নার নিকট পঠাইয়াছিলেন এহাতে
আমার শমএ অনুশারে আপনার শংঙ্গে
শাক্ষ্যাত হইল না নাহক রুদ্র ভুগ করিয়া
গেলাম আপণে আমার মুং বাড়িতে
না গেলে এবিবাহের কোন সুগোছ পরা-

[অপর পৃষ্ঠায় লেখা]

ম্রষ কড়া জাএ না আপনে
পত্রপাঠ মাত্র এক লহমা দেরি
না করিয়া আমার মুং বাড়িতে
জাইবেন আপণে না গেলে পর
শাং চাইর মণ্ডল শ্রীযুত শাণ্ডাল
মহাশএর মুং বাড়িতে লোক পাঠান
জাএ না ইত্য অবধাণে বিবেচণা
করিয়া তথাতে হইবেন এহা নীবেদন
ইতী শন ১২৪৩ শন      তে ১৭ বৈশাখ

পুং নিবেদন আপনার শংঙ্গে
আমার আর জে কথা ছিল
তাহা খাটী বুজীবেন আমী
লাং জ্যৈষ্ট কোন মোকামে জাই-
বো ণা জাএ না ইতী
[প্রথম পৃষ্ঠার বামপাশে লেখা]
পূজনিয় শ্রীযুত হরনাথ ঘটক কুলাচার্য্য
মহাশএর শ্রীচরণেষু
পত্রদেশা শাং বিলাষখান পৌহুছে
লিং পত্র
শ্রীহরকীশোর শর্ম্মা
৭৪ ।।

*-চিহ্নিত স্থানের জন্য সংশ্লিষ্ট পৃষ্ঠার উপরের পাশে টীকাস্বরূপ লেখা রয়েছে:
'৺ পীতা'।

২১২

শ্রীদুর্গা

নিবেদনপত্রে জ্ঞাত হইবেন ইতি

৭ঁশেবক শ্রীগঙ্গাগোবিন্দ শর্ম্মণঃ।
প্রানামা নিবেদনঞ্চাগে আপোনার
আশির্ব্বাদে শমস্ত মঙ্গল পরং
অনেক দিবষ জাবত আপোনার তত্ত
পাই না আপোনার বেয়ারামের কেমত
হইয়াছে তাহা বুজিতে পারিলাম না
এ কারণ ভাবিত আছি অতএব আপোনে
ভালরুপ আরাম হইয়াছেন কীনা তাহা
লিখিবেন আর নওাখালি মোকামে
শাহেব আশিয়া পৌচিয়াছেন দাদনহ
বুজি এমাশের মধ্যে হইবেক দাদন
শমুখ করিয়া আমি না গেলে কিছু
হইতে পারে না এহাতে আমারহ শরির
কাহিল আছে আমার মনগত ছিল
আপোনার বাটীতে পৌচিয়া আপোনাকে
দেখিয়া আশী তাহাতে এখানকার
লেঠাতে একদণ্ডহ শাপকাষ পাই না
[অপর পৃষ্ঠায় লেখা]

. . . আপোনার ভালরুপ আরাম
. . . থাকেন তবে লিখিবেন এখান
হতে নৌকা পাঠাইয়া আপোনাকে আনিয়া
একাশ্রত হইয়া জাইব জাহা হএ শঙ্গতি-
ক্রম পত্র লিখিবেন আর আপোনার
মঙ্গলাদী লিখিয়া তুষ্ট করিবেন আর জদী
শঙ্গতি না পাএন তবে ১ এক কামলা লইয়া
১ এক নৌকা দিয়া পত্রের জবাব লিখিবেন
কামলার কৌড়ী এখান হতে দেওাইব
নিবেদণমিতী     শন ১২৩৩     তে ১৭ কার্ত্তিক
সাং কলাগাছিয়া

## ২১৩

৭ঁশ্রীদুর্গা

৭ঁআজ্ঞাকারি
শ্রীরামকানাই শর্ম্মণঃ।
নমস্কারা নিবেদনঞ্চাদৌ মহাশয়ের
মোহন্বতি শ্রীশ্রী ৺ করিতেছেণ তাহাতে
অত্রানন্দ বিশেষঃ। নিবেদন ৭ আশার
সনিবার শ্রীমান ইশ্বরচন্দ্র বাগজির
শুভবিবাহ হইবেক তাহাতে মহাশয়র

নিমন্ত্রর্ন্ন পত্র দ্বারায় করা গেল অনুগ্রহ
পুর্ব্বক আশিয়া সভা সোভন করিয়া কার্য্য
সমাপন করিবেন জনেক ব্রহ্মন দিয়া

[উপরের পাশে লেখা]
মাহাফিক জায় কুলজ্ঞ মহাশয়ের
ঘরে নিমন্ত্রর্ন্ন করাইবেন দিনেক
পুর্ব্বে মহাশয় আশীবেন নিবেদণ
এই ইতি শন ১২৩৭ তে ২ আশাড়

জায় নিমন্ত্রর্ন্ন
শ্রীযুত রামদুল্লব ঘটক
১
শ্রীযুত রামনাথ ঘটক
১
শ্রীহরনাথ ঘটক
১

৩ মং তিনজন মাত্র

[নিচের পাশে লেখা]

শ্রীরাম শ্রীরাম
শহায় শহায়
১০০০

মহীমাবর শ্রীযুত অমরনাথ
ঘটক মহাশয় মহিমাবরেষু
মোং বিলাষখান পহুছে
[অপর পৃষ্ঠায় লেখা]
পুং নিবেদন আচার্য্য মহাশয়ের ঘরে
নিমন্ত্রর্ন্ন শ্রীযুত শীবচন্দ্র আচার্য্য মহাশয়ের
পত্রে লিখীয়াছি জদি তাহাতে কোণ অন্যথা
হইয়া থাকে তরে শ্রীমাণের বিবাহের নিমন্ত্রর্ন্ন

আপনার ঘরে দলে আচার্য্য মহাশযেরা জে জে আছ
তাহান ঘরে নিমন্ত্রর্ন্ন করিয়া আশীবেন ইতি

২১৪

৭শ্রীশ্রীদুর্গা

আজ্ঞাকারী
শ্রীভৈরবচন্দ্র শর্ম্মণঃ।
নমস্কারা নিবেদনঞ্চঃ বিশেষঃ।
জেলা দিনাজপুরের পরগনে শাল-
বাড়ীর শাকীম বঠীনার শ্রীযুক্ত উদয়-
চন্দ্র শর্ম্ম চৌধুরী মহাশয় ৺* বাচনা
করিবেণ তাহার পাঠক শ্রীযুক্ত সিতলচন্দ্র
সার্ব্বভোম মহাশএ স্থির করিলাম আর
জে২ ব্রিতি জাহাকে রাখীতে হএ তাহা
আপণে স্থির করিবেন এবং আপোণেও
এক ব্রিতি থাকীবেণ সর্ব্ব বিশয় ভার
আপণকার পর শকল সুস্থির করিয়া
আমাকে শমাচার লিখী. . . .
পুহুছিয়া রওণা হৈব . . . **
তারিখ ২৬ মাঘ

[অপর পৃষ্ঠায় লেখা]

মহামহিম শ্রীযুত কাশীকান্ত শীদ্ধান্ত
মহাশয়

*-চিহ্নিত স্থানের জন্য সংশ্লিষ্ট পৃষ্ঠার
উপরের পাশে টীকাস্বরূপ লেখা রয়েছে : 'মহাভারথ'।
**এই পত্রটি অংশত ছিন্ন।

## ২১৫

৭শ্রীশ্রীদুর্গা

শ্রীউদয়চন্দ্র শর্ম্মণো
চৌধুরী
বং শ্রীভৈরবচন্দ্র শর্ম্মণো
তালুকদার

শ্রীউদয়চন্দ্র শর্ম্মণঃ
প্রণামপূর্ব্বক নিবেদণ
বিশেষঃ ৩০ ফাগুণ আমার
বাটিতে ৬* আরম্ভ হইবেক তাহার
পাঠার্থ আপণকাকে নিমন্ত্রণ করিলাম
আগমনপূর্ব্বক বঠিনা মোকামে পুর্ব্বাহ্নে
পহুছিয়া পাঠ আরম্ভ করিবেন নিবেদন-
মিতি তারিক ৬ ফাগুন শন ১২৪৮ শন

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পূজনিয়
শ্রীযুক্ত সিতলচন্দ্র সার্ব্বভৌম
মহাশয়

*-চিহ্নিত স্থানের জন্য সংশ্লিষ্ট পৃষ্ঠার উপরের পাশে
টীকাস্বরূপ লেখা রয়েছে : 'মহাভারত'।

২১৬

৭শ্রীশ্রীদুর্গা

শ্রীউদয়চন্দ্র শর্ম্মণ
চৌধুরী
বং   শ্রীভৈরবচন্দ্র শর্ম্ম
তালুকদার

শ্রীউদয়চন্দ্র শর্ম্মণঃ
প্রণামপূর্ব্বক নিবেদনম্বিশেষঃ।
৩০ ফাগুণ আমার বাটিতে ৺ *আরম্ভ হইবেক
তাহার সদস্যত্তে আপনকাকে নিমন্ত্রণ করি-
লাম আগমনপূর্ব্বক পূর্ব্বাহ্নে বঠিণা মোকা-
মে পহুছিয়া সদস্যত্তে কর্ম্মসমাপণ করিবেণ
এবং ধারক দুই জোণ শ্রোতা এক জোণ আপ-
ণে জে স্থির করিয়াছেণ তাঁহার দিগেক আমার
প্রতিনিধি আপণে নিমন্ত্রণ করিবেণ আমার

এ ব্যাপারের সর্ব্ব বিশয় ভার আপনকাকে
সমার্প্পণ করিলাম জাহাতে সমাপণ হয় তাহা

[উপরের পাশে লেখা]

করিবেণ
নিবেদণমিতি
তাং ৬ ফাগুণ
শন ১২৪৮

[অপর পৃষ্ঠায় লেখা]

পরম পূজনিয়
শ্রীযুক্ত কাশীকান্ত সিদ্ধান্ত
মহাশয়

*-চিহ্নিত স্থানের জন্য সংশ্লিষ্ট পৃষ্ঠার উপরের পাশে টীকাস্বরূপ লেখা রয়েছে : 'মহাভারত'।

২১৭

৭ঁশ্রীশ্রীদুর্গা
শহায়

প্রতিপালকেষু
তথা হইতে রওনা হইয়া জেলা ঢাকা পৌছিয়া

শ্রীযুত রাধানাথ রায় ও শ্রীযুত গৌরকৃষ্ণ ভুমিক
মহাশএর দিগের বাসায় অশ্রয় লইয়াছি অপর
আমার পরিদেহ বস্ত্রাদি না থাকাতে অত্যান্ত
খেজালত পাইতেছি অতএব নিবেদণ আমার হস্তের
সোণার মাদুলি একটা শ্রীযুত দ্বারিকানাথ গঙ্গপাধ্যায়
মহাশএর নিকট রাখিয়া আশিয়াছি তাহার মুল্ব নুন
কপ্লে ২ টাকা আবিশ্বক হবে ঐ মাদুলি বিক্রি
করিয়া কোণ গতিকে ঐ মল্ব ২ টাকা অনুগ্রহ
পূর্ব্বক অবিশ্ব পাঠাইবেণ মহাশএর চাবি আমার
নিকট ছিল আমি আশা কালিন বিশ্বতিক্রমে

[অপর পৃষ্ঠায় লেখা]

আপণার নিকট অথবা বাশার অণ্ব কাহার
নিকট দিয়া আশিতে পারি নাই এহি ক্ষণ ঐ চাবি
মোকাম নটাকোণার শ্রীযুত কালীনাথ বিদ্যালঙ্কার
মহাশএর মারফত পাঠাই লইতে আজ্ঞা হইবেক
আর আমি মোকাম ঢাকার অন্তপাতি জোমরাইণের
গলি পদ্ম ঘোসের বাশার পূর্ব্ব তরফ নছরত খার
হাবিলিতে আছি পত্র কাইক মঙ্গল পত্রাগতে
মহাশএর মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক
নিবেদণ ইতি তারিখ ১৪ জৈষ্টী
নিবেদণ শ্রীদ্বারিকানাথ
শর্ম্মণ

[সদর পৃষ্ঠার বামপাশে লেখা]
মহামহিম শ্রীযুত অঘোরনাথ দত্ত নাএব
মহাশএর মহিমাবরেষু
দেশা মোকাম নটাকোণার চারি আনির কাছারি
পৌছে ইতি

২১৮

৺শ্রীদুর্গা
শহায়

নিবেদন
পত্রে সুগোচর
হবেক নিবেদন ইতী

প্রতীপাল্যাজ্ঞাকারী শ্রীরামধন সর্ম্মনঃ। হরচন্দ্র ভট্টাচার্য্য

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাদৌ শ্রীযুতা কর্ত্তা মহাসয়ার ব্রহতদ্রাজন্বতী নিয়ত শ্রীশ্রী ৺তিরে প্রার্থনা করি জাহা হইতে এপরিজনের অত্র কল্যানবিশেষঃ শাকীম কোরকদীর শ্রীযুত মহাসয় এহান পীতৃ দায়গ্রস্ত হইয়া এমোকামে বোর্ড বিরত্বর মুছদ্দী শ্রীযুত রামকুমার মুনশী ও শ্রীযুত গুরুপ্রশাদ মুনশী এহারা ভট্টাচার্য্য মহাসয়ের সিস্য সম্পকীয় হন এহাদ্বিগের নিকট এই দায়ের লাগবার্থে আশীয়াছিলেন তাঁহানা শকল জমিদারানের আমলার নিকট ভট্টাচার্য্য মহাসয়ের দায়ের আনকুল্য হয় এমত সুপারিস করিলেন সেমতে নিবেদনপত্র লিখী ভট্টাচার্য্য মহাসয় মান্য লোক মহাসয়ার নিকট জাইতেছেন মহাসয়া কর্ত্তা জে উচিত বিবেচনা করিতে আজ্ঞা হবেক এহা নিবেদন করিলাম ইতী সন ১২৩৫ শন তারিখ ২৮ শ্রাবণ

২১৯

৭শ্রীশ্রীরাম

চিরজিবেষু
আমি বাটী হইতে ৩ আশ্বীন রওানা
হইয়া ১৩ তারিখ দুই প্রহরে মোকাম
কলিকাতা মঙ্গলমতে পহুচিয়াছি জানিবা
এখানে কোন ফলদয়ে নাহি বৃথা আইসা
হইয়াছে জে নৌকাতে আসিয়াছিলাম সে নৌকা
শ্রীমথুর শাহার মোকামি কেরায়া করিয়া
বাটীতে গেলেক আমাকে নিলেক না কেরায়া
দিতেহ সিকার করিলাম তত্রাচ নিলেক না
২/৪ দিবস মৈধ্যে কোন নৌকা পাই তবে
নৌকাতেই জাইব নতুবা রেহিলের গাড়িতে
জাইব বাটীত গেলেই এথাকার বিস্তারিত
জানিতে পারিবা সাকিম সাধূপাড়ার
শ্রীকালাচান্দ চঙ্গ মাঝির নৌকাতে
২ দুইটা বেলন পঠাই পাইবা গঙ্গাজল
এক কলশী পঠান জায় এহার অর্দ্দেক
শ্রীযুত পাচকড়ি চক্রবর্ত্তি বাটীতে রাখিবেন
অর্দ্দেক আমাদ্বিগের দিবেন দুই অস্তি জে
আমার শঙ্গে আশীয়াছিলেক তাহা
৺ *দিয়া ব্রহ্মভূয্য করা গিয়াছে

[অপর পৃষ্ঠায় লেখা]

পুর্ব্ব বাটীতে ও অধিকারি দিগের বাটীতে
বলিয়া চক্রবর্ত্তি কিছু ভাল হইয়াছেন

শ্রীযুত আনন্দকীশোর অধিকারির
বাশাতে আছেন৺ পুজার পর
৺ **জাইবেন জ্ঞাত ইতী শন ১২৭০
তে ২১ আশ্বীন·

আশীর্ব্বাদপত্রী
শ্রীরামকৃষ্ণ শর্ম্মণ

[সদর পৃষ্ঠার বামপাশে লেখা]

পরম কল্যানবর শ্রীমান কৃষ্ণকুমার ভূমিক তথা
শ্রীমান রাজকুমার ভূমিক কল্যানবরেষু।
পত্র মোকাম কলিকাতা হইতে চলীত শীমলিয়া
কালিকাপুর পৌহুচে ইতী

*-চিহ্নিত স্থানের সাংকেতিক চিহ্নের ব্যাখ্যাস্বরূপ সংশ্লিষ্ট পৃষ্ঠার উপরের পাশে লেখা রয়েছে : 'গঙ্গাতে'।

**-চিহ্নিত স্থানের সাংকেতিক চিহ্নের টীকাস্বরূপ সংশ্লিষ্ট পৃষ্ঠার উপরের পাশে লেখা রয়েছে : 'গয়াখেত্রে'।

২২০

নকল রমজী আশল

শ্রীহরেকৃষ্ণ দেও

৭ঁশ্রীরামচন্দ্র দেও স্তানে লিখীতং শ্রীহরেকৃষ্ণ দেওঅষ্য
ইস্তিপাপত্রমিদং কার্য্যঞ্চাগে আমারগ তালুক কিশমত ধামতি

বনামে তালুক শ্রীরামধন দেও শদরে লিখা জাএ তালুক মজকুরের শরিকি
দুই হিস্বা আপনার এক হিস্বা আমার ছীল আমীহ ইস্তক শন ১২০৪ শাল
লাগায়ত শন ১২০৬ শাল আমার নিজ জোতজমির খাজনা ও তছরুপাত গয়রহ
ই তিন শনের বেবাক শালিআনা খাজানা দীআছী ই তিন শনের আমার পাষ
আর কিছু দায়া নাই এখন আমাকে দিয়া আমার হিস্বা মজকুরের শরবরা
হএ না অতয়ব আপন সইছ্যাপুর্ব্বক নিজ বাড়ীর ✓৬৸ পাচ আনা পৌনে শাত
গণ্ডা ও কানাই ও ভাগার ও পুনার ই তিন বাড়ীর অর্দ্দেক একুনে চাইর খান বাড়ি
আমার হিস্বার কিফাইত মধ্যে আমার জীরিকাএ লাখেরাজ রাখীআ
বাকী হিস্বা ভিটী জীরাত দরবস্ত ইস্তিফা পাইলাম আপনেহ রাজী মতে শইছ্যা
পুর্ব্বক নিজ বাড়ির ✓৬৸ পাচ আনা পৌনে শাত গণ্ডা ও কানাই ও ভাগার
ও পুনার ই তিন বাড়ীর অর্দ্দেক একুনে এই চাইর খান বাড়ী আমার হিস্বার কিফাইত
মধ্যে আমাকে দিআ বাকী দরবস্ত ভিটী জীরাত আমল আবাদ করিআ শদর
মালগুজারির শরবরা করেন শদর মপস্বল লাফা লোকশান বাদ ...
আপনার জীস্বা আমার শহীত এলাক্কা নাই কস্বীনকালে আমীহ হিস্বা মজকুরের
না করিব আপনেহ আমার এই চাইর খান বাড়ীর জীরকাএ লাখেরাজের
তলব না করিবেন না পাইবেন কস্বীনকালে দায়া করি দায়া কর দায়া ঝুটা বাতিল ...
ই তালুক মজকুরের বাকী . . .

. . .

পুনশ্চ তোমার পুত্রপৌত্রাদিক্রম
আমার এই চাইর বাড়ির শহীত
এলাকা নাই ইতি

[অপর পৃষ্ঠায় লেখা]

ইশাদ

শ্রীরাধাকৃষ্ণ দাষ    শাং সুরিল

শ্রীভঙ্গুরাম দাষ    শাং সংচাইল

২২১

শন ১২৮০ শাল

লি

শ্রীগণেশ শীকারী মাজী

মহামহীম শ্রীজুক্ত গোপিমোহন গোস্বামী
মহাশএ বরা(ব)রেষু
লিখিতং শ্রীগণেশ শীকারী মাজী ওলদে চান্দরাম সিকারী
শাং শুভারামপুর থানে নবিনগর জিলে ত্রিপুরা কস্য নৌকা
কেরায়া পাট্যাপত্রমিদং কায্যচাগে আমী আমার তিন মাল্লা
পলার ১ খানা নৌকা শহীত মহাশএর শরকারে মাশীক ১৭্ টাকা
দরমাহা হিশাবে চাকরনোকর হইয়া লিখিয়া দিতেছি জে শদর
আপনার নিকট হাজীর থাকীয়া জখন জে মে(া) কামে নাউ নায়াই
করিতে বলিবেন বিনা ওজরে তাহা করিব কখন কোন ওজর
করিব না আমার কি আমার মাল্যাগণের গাফিলী কি শটামীতে
আপনার কোন হানী হইলে তাহার জবদাহী ও খেতিপুরন
আমী বিনা ওজরে করিব যদি না করি তবে রিতীমত আই(ন) দারায়
আদাএ করিয়া লইবেন এহাতে কোন ওজর আপত্য করিতে পারীব না
জদি করি তবে তাহা অগ্রায্য মাল্য(া)গণের নাম নিচে লিখিয়া
দিলাম আমার দরমাহার টাকা জখন জাহা নেই আমার হাতচিটাতে
উলিখ দিয়া নিব ইতি শন ১২৮০ শাল তে ২০ জৈষ্ট

| | | |
|---|---|---|
| মাল্যার | মাল্যার নাম | লি |
| নাম | নিং শুধাম শিকারী | আলি বকশ বেপারী |
| নিং ইশ্বর শিকারী | ও ম্যলীক সিকারী | ও শাছাই বেপারী |
| ওলং কৃষ্ণ সিকারী | শাং শুভারামপুর | শাং রাধানগর |
| শাং শুভারামপুর | | নীং পশ্চিন্দী |

২২২

শ্রীদুর্গা
হরি
ওঁ নমঃ প্রজাপতয়ে

স্বস্তি সকল মঙ্গলালয়
শুভশমোন্দ নির্ব্বয়পত্রমিদং
শ্রীনবকিসোর কাহালি সচ্চরিত্রেষু
লিখীতং শ্রীভৈরবচন্দ্র চক্রবর্ত্তি কায্যঞ্চাগে
আপোনার পুত্র শ্রীমাণ কমলাকান্ত কাহালী শহ
আমার কন্যা শ্রীমতি হরশুন্দরি দেবি নাম্নি শহিত
শুভশম্বন্দা নির্ণ্বয় কালীন মুল ভবিতৈব্য এহার বিধান
ও পোন ৺ গুরু মাতুল জ্ঞাতি গএরহ শর্ব্ব শাকুল্যান ৫০০২
টাকা আমি দিব আপোনে পাইবেন আমি সাধ্য য়পর
দান সামিগ্রি দি আমি কন্যাদান করিব
ইতি　　শন ১২৭৬ শন　　তারিখ ২৪ ভাদ্র

২২৩

শ্রীদুর্গা
সন ১২৫৪ সন

শ্রীরাজিবলোচন মৌলিক

শ্রীরাজীবলোচন মৌলিক শর্ম্মণঃ
আমার ২ দুইটি পূত্রের শান্তি
করিয়া রক্ষা করিবেন আর মহাশএর
আজ্ঞা অনুসারে পরে ২ দুই পুত্র হইয়া
চিরজীবি থাকিবেক এমত আজ্ঞা করি-
যাছেন উক্ত বিষয়ের প্রণামি মবলগ
৩০ ত্রিশ টাকা পরে মহাশএর চরণ
নিকট দিব তাহার মেয়াদ সন ১২৬১
সনে ১৫ পোনার টাকা ও সন
১২৬৪ সনে ১৫ পোনার টাকা দুই
কিস্তে ক্রমে ক্রমে দিব অদ্যাবধি শ্রীচরণে
বিক্রিত হইলাম্ ইতি তাং ১৫ ভাদ্র

[অপর পৃষ্ঠায় লেখা]

সাং ধামরাই

শ্রীকালিকিঙ্কর ব্রহ্মচারি
সাং পানিঘাট

২২৪

শ্রীদুর্গা

শন ১২৩৩

তালীক নিমতর্ন্ন পত্র

জোং বিলাষখান

ঘর — জন—

শ্রীকালীসঙ্কর ঘটক সরস্বতি ও চক্রবত্তি

শ্রীরামসঙ্কর ঘটক

শ্রীশ্রীবনাথ ঘটক

গয়রহকুলগ্ন্যআন

শ্রীহরগোবিন্দ শর্ম্মণঃ

নমস্কারা নিবেদনমীদং আমার ভ্রাতা
শ্রীমান বলরাম মজুমদারের সুভবিবাহ ২৪ মাঘ
হইবেক এহাতে আপনার ঘর শকলের নিম-
ন্তর্ণ অনুগ্রহপূর্ব্বক অদীষ্টান হইয়া শভার
সৈষ্টব করিবেন ইতি শন ১২৩০ তে ২১ মাঘ

[অপর পৃষ্ঠায় লেখা]

(সাং) বিলাষখান

২২৫

৺শ্রীরাম

প্রণামা নিবেদণঞ্চ বিশেষঃ ।
আমার ভ্রাতা শ্রীমাণ জয়চন্দ্র চৌধুরীর
শুভবিবাহ ১৮ অগ্রহায়ণ শ্বোমবার ডাইণ
গ্রাম মোকামে হবেক পত্রদ্বারা আপণকার
দ্বিগের নিমন্ত্রর্ণ্ন করিলাম আগনপুর্ব্বক
কায্যশৈষ্টব করিবেন আর আপনার দ্বিগের
দলের সকলের নাম ওাকীব নাহী মহাশয়েরা জনেক
ব্রর্ম্মণ দিয়া দলের সকলকে নিমন্ত্রন্ন করাইবেন
নিবেদণ ইতি ১০ অগ্রাহায়ণ
নিং শ্রীগোলকচন্দ্র শর্ম্মণ

[এই পৃষ্ঠার বামপাশে লেখা]

পূজনিয় শ্রীযুত দাদা হরণাথ ঘটক মহাশয়
তথা শ্রীযুত রামকান্ত ঘটক মহাশয়

২২৬

৺শ্রীশ্রীহরি
সন ১২৪৫ সাল

সেবক শ্রীরামকানাই সুত্রধর
প্রণামা পাদপদ্দ্যে কুটী২ নিবেদনঞ্চাগে

আপনার আসির্ব্বাদে এসেবকের প্রানগতিক
মঙ্গল বিসেষঃ। নিবেদন এহি আপনার একপত্র
২৪ ভাদ্র শ্রীরামনারান দের মারফৎ পাইয়া সং
সমাচার সিরধার্য্য করিলাম আরও শ্রীমান গুরুপ্র-
সাদ সরকারের দণ্ডবৎ জানিবেন আরও শ্রীমান
রাজচন্দ্র সুত্রধরের দণ্ডবৎ জানিবেন আরও শ্রীমান
সিবচন্দ্র সুত্রধরের দণ্ডবৎ জানিবেন আরও শ্রীমান
গোপালচন্দ্র সরকারের দণ্ডবৎ জানিবেন আর-
ও শ্রীসেক মেঘবর্ন্ন সেলাম বহুৎ২ জানিবেন আর-
ও শ্রীসেক সুকুর মামুদের সেলাম বহুৎ২ জানিবেন।
আর খেতি ক্রিসি ৺ ভাল হইয়াছে আরও জল
আপনার খামার বারির কাচারি ঘরের সক্ষক্ষে
আসিয়াছিল ইহার সমাচার জানিবেন আর

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]

আমাদের বাটীতে সকলে প্রানগতিক
ভাল আছেন আর অধিক কি লিখিব ইহার
শ্রীচরনে নিবেননদ (=নিবেদন) করিলাম ইতি শনে ১২৪৫ শাল
তারিখ ১২ কাত্তিক

পং নিবেদন আমার কারন জে রকম
তিনখান পট পঠাইয়াছিলেন সে-
ই রকম তিনখান পট পঠাইবেন
দুর্গামুত্তি আর রামলক্ষনের
যুজ্ঞ আর মউরপঙ্খি নৌকা
এখান পঠাইবেন
দাম আট পয়শা পঠাই আর হরিত্যাল
পঠাইবেন দাম তিন পয়শা পাঠাই
একুনে য়েগার পয়শা পঠাই মারফৎ
শ্রীগোকুলচন্দ্র শরকার ইহা
শ্রীচরনে নিবেদন করিলাম ইতি

২২৭

৺শ্রীশ্রীহরি

শ্রীউমাকান্ত লাহিড়ী
শ(া)ং ইলিকোল
শ্রীগোরাচাঁদ রায়
শাং বাল্যাকান্দী

মহামহিম শ্রীযুত কাশীনাথ ভট্টাচার্জ্য
ও শ্রীযুত সিবনাথ ভটাচার্জ্য মহাশএ
বরাবরেষু

লিখিতং শ্রীউমাকান্ত লাহিড়ী ও শ্রীগোরাচাদ
রায় কবুলিয়াতপত্রমিদং শন ১২৫৩
তেপান্ন শালান্দে লিখিনং কার্জ্যনঞ্চ
আগে পরগনে মুহিমশাহী কীশমতী
ইরশাল বাড়ীয়া ও পরগণে নসীরশাহী
মোতালকে কোড়কদির অন্তপাতী কীশমতী
ইকড়চালের বিল বকচর ও গোবিন্দপুর
খারিজা মজুকুরি ৺ রঘুদেব ভটাচার্জ
ও ৺ রামমোহণ ভটাচার্জ্য মহাশএর দিগের
নামে কালেটরি শেরেস্তাএ তালুক লেখা
জায় উক্ত তালুকের মৈধ্যে শোল আনা
রকমের রকম মহাশএর দিগের নিজ হিশ্বা
১৩ ।- গণ্ডা তের গোণ্ডা এক ক্রান্তী আমার
দিগের দরখাস্ত মতে ইস্তক শন ১২৫৩
তেপন্ন শন লাগাদ শন ১২৫৭ শাতান্ন শন
মুদ্দাতে ৫ পাচ শনা মেয়াদে উক্ত
তালুক মজুকুরা কোম্পানী ২ । ।. আড়াই
টাকা জমা ধার্জ্য করিয়া ইজারা পাট্টা
দিলেন আমরাও কবুল করিয়া কবুলাতী
লিখিয়া দিলাম মেদ পজ্যন্ত জমী চাষ

আবাদ করিয়া শন২ কীস্তীবকীস্তী
তলবমত রাজআষ্য আদায় পুর্ব্বক
মেদ পজুন্তু উপসত্ত ভোগ করিব শীমানা
শরাদ্দ শাবেক মত কাএম রাখিব হাজা
সুকা ফৈতীকের আরো লাব লোকশান
জেম্মা আমার দিগের বেহুদ্দা বেমুদ্দা
কোণ কর্ম্ম করিব না জদি করি জেম্মা আমার
দিগের হিস্বা মজুকুরায় জমি বাটী
অন্য কাহাকে লিখিত পড়ীত করিয়া
দিব না জদি দেই শে নামুঞ্জর মেদ
গতে জমীর পয়দস্ত আন্দাজ হইব না
ইতি　　শন শদর　　তে ২ বৈশাখ
মরকুমা খোদ
শ্রীগোরাচাঁদ রায়

[অপর পৃষ্ঠায় লেখা]

| | |
|---|---|
| ইশাদ | নিশান |
| নিশানশহী | শহি |
| শ্রীরামকৃষ্ণ চঙ্গ | শ্রীরাজা . . . |
| শাং　কোড়কদী | শাং　শ্রীরামপুর |

## ২২৮

শ্রীদুর্গা

সেবক শ্রীঅভয়চন্দ্র শর্ম্মণ
প্রনামা পাদপদ্দে নিবেদণ আদৌ
মহাশয়ের শ্রীচরণ ধ্যান করণাত
শেবকের প্রাণগতিক মঙ্গল
পরং পাদপদ্দে নিবেদণ এহী
আমী চরে পৌছীয়া শ্রীমান জগ-
শ্চন্দ্র চক্রবর্ত্তির নিকট বশীয়া

আছি শ্রীযুত দাদাভাইকে শঙ্গে
করিয়া অতি সিগ্র চর মজকুরে
পৌছীবেগ আমাকে বরিশাল
মোকামে জাইতে দিলেক না অতএব

[অপর পৃষ্ঠায় লেখা]

নিবেদণ আপণে না আশীলে আমাকে
কোন বিশএর অধিকার নাহি সংপ্রতিক
বাস্তুপুজার কাজিয়া উপস্থিত তাহা
না দেখীয়া আশীতে পারি ণা
মহাশয় না আশীলে টাকাকরি
কিছু পাইবেন না আপনে অতি
সিগ্রহ আশীবেন এহা শ্রীচরণে
নিবেদন করিলাম ইতি
শন ১২৩২ শন তে . . .

## ২৩০

৺শ্রীশ্রীদুর্গা [সীলমোহর]

শ্রীসিবশঙ্কর শর্ম্মণঃ
অত্রমধ্যবর্ত্তি শ্রীরামগতি
শর্ম্মণঃ

৺প্রজাপতেয়ানম
স্বস্তি সকল মঙ্গলা(ল)য় শ্রীযুক্ত চন্দ্রনাথ চওধুরি
সদাসয়েষু লিখিতং ত্বদিয় শ্রীযুক্ত সিবসঙ্কর সর্ম্মণ
. . . আপনকার ভগ্নি শ্রীমতি স্যামা-
সুন্দরি নামনির সহিত আমার পুত্র শ্রীযুত বৃন্দ্যাবনচন্দ্র রায়
চওধুরির শুভবিবাহলগ্নাবধারন ৫ আসাড় সনিবার করিলেন
করিলাম লগ্নানুসারে দধ্যাদি সামিগ্রী করিয়া পাত্রি য়ানীয়া
শুভকার্জ্য সোমপূর্ণ্ণ করিব করিবেন মুল ভবিতব্য নিতি শন ১২৩৮ শাল
তে ২৭ বৈশাখ

২৩১

৭ঁশ্রীহরি

শ্রীশ্রীচরণেষু
আপনকার পত্রী পাইয়া
বিস্তারিত জ্ঞাতা হইয়াছি
শ্রীমাণের শুভ বিবাহের দিবষ
আমী ৭ মাঘ ইতঃপুর্ব্বই স্থীরতা
করা হইয়াছে এহিক্ষণ তাহার
অন্যথা করা অনুচীত এজন্য লগ্ন-
পত্র পঠাইলাম ঐ তারিখে বিবাহ
নির্ব্বাহের পক্ষে আমাদিগের
জে কর্ম্মকার্য্য আবিশ্যক তাহার
কোনই তদবির তদারক হইতেছে না
আমরা শকলে স্থানে২ আছী
এবং অগ্রভাগে পউছার কাহার্ শমভব
নাহি কাজেই শকল তুষ্ট কোনক্রমেই
হবেক না শ্রীযুত উমাশঙ্কর শান্যাল
মহাশএর বরাতি ১/ মোণ ঘৃত পুর্ব্ব
কপনা মোতে এখানে সুস্থীর করিয়া
রাখিয়াছি ২।৩ দিনের মধ্যেই ঐ ঘৃত
নিজালয় পঠাইব অতএব তিনী লাং
২ মাঘ তক আমাদিগের বাড়ীতে লোক
পঠাইয়া ঘৃত লইয়া জান এমত তাহাকে
লিখিয়া দিবেন মুল্যের টাকা বিবাহের
মধ্যে শুভ নই জাইয়াই লওা জাবেক
নিবেদন ইতি শন ১২৭৯ ২৬ পৌষ

প্রনামপত্র
শ্রীনবিনচন্দ্র শর্ম্মণ

২৩২

৭শ্রীশ্রীহরি

বাবত
শ্রীরামকান্তদাষ
চৌধুরী

যশোগরিষ্ট শ্রীযুত . . .
. . .
বিজ্ঞাপনঞ্চাগে তোমার মঙ্গল চীন্তী
বিশেষঃ আমার ঠাকুর বাড়ীর ঘরের
জে অনিস খান কাট খরিদ করিয়া দিয়া-
ছিলা তাহার মধ্যে বড় তিনখান কাট
ধোব পড়িয়া কাঠের নাজাই হৈয়াছে
শেমতে শ্রীযুত ঠাকুর মহাশয় জাইতেছেন
তুমি মোকেদ হইয়া একখান বাহাদুরি
ও খুটীর লায়েক জে কাট পছন্দ করিয়া
স্থির করেন তাহার তুমি মুল্য ধার্য্য করিয়া
কাট ঠাকুর মহাশয়েক অবষ্য দেওাইবা
কার্জ্য ক্ষেতি না হয় কাঠের টাকা মাশেক দেড়
মাষ রাখীয়া লইতে পারহ তবে বড় ভাল
হয় নিতান্ত বাকী না রাখে নিহাইত জানিয়া
শমাচার লিখীবা এখনে করজ দার করিয়া
পঠাইবা জেমতে কাঠের কার্জ্য মিটে

তাহা করিবা ইতি তে ২ আশাড়

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]

পুনশ্চ কাঠের বানকীর কারণ একটাকা
ঠাকুর মহাশয়ের শঙ্গে জাইতেছে
তাহা দিয়া কাট বানকী করিয়া দিবা ইতি

২৩৩

৭শ্রীশ্রীহরি

নিবেদনপত্রে জ্ঞাতা হইবেন
শ্রীকালীদাশ শর্ম্মণঃ
প্রনামসমুহ নিবেদনঞ্চাগে
মহাশএর চরণাশীর্ব্বাদে প্রান-
গতিক কল্যান বিশেষ। শ্রীমতীর
সুভকার্য্যের বিশএ পুর্ব্বই নিবেদন
করিয়াছি তাহাতে জ্ঞাতো য়াছেন আপন-
কার পছন্দে জে থানেত ভাল বুঝেন
স্থীর করিয়া লাগাএদ ২৯ শ্রাবণ
নির্ভা দেত্তা মত্তে থাকে কী নিবেদন
লিখীব এ দায়ের ভার আপনকার
পর জাহাতে ভাল জানেন তাহা করিবেন
নিবেদন ইতি ৭ শ্রাবণ

[অপর পৃষ্ঠার লেখা]

পরম পুজনিয়
শ্রীযুত কাশীকান্ত ভট্টাচার্য্য
মহাশএ চরনেষু

২৩৪

শ্রীহরি

শ্রীকৃষ্ণমোহন
সর্ম্মণঃ

শ্রীনন্দননন্দন চরনপরায়ন
শ্রীজগন্নাথ দাষ বৈরাগি ও বৈরাগিআন
ও গৃহি বৈষ্ণববর্গেষু তোমার দ্বিগের
মোঙ্গল সদা ব(া)ঞ্ছা করিতেছি অত্র সমাচা-
র এহি শ্রীতিতা নিতা আমাকে নিতা(া)ন্ত . . .
করিআছে অতএব ইহাকে নিগ্র(হ) করিলা-
ম ইহার পরমার্থ বিসয় শঙ্গ আলাপ
না করিবা ইহা জেনি শ্রীযুৎ গুরু জা . . .
অধর্ম্ম জাচন কর তিনি মত রক্ষা করি-
আ কার্য্য করিবা ইতি সন ১২১০ তেরি (খ)
২৯ আসাড়

[অপর পৃষ্ঠার লেখা]
অস্তিকমতি

২৩৫

৭ঁশ্রীদুর্গা
শহায়

শুভানুধ্যায়ি শ্রীবদনচন্দ্র দেব শর্ম্মণঃ
পরম শুভাশীর্ব্বাদাঃ সন্তুবিশেষঃ
২৩ বৈশাখ শুক্রবারে আমার পুত্র শ্রীযুক্ত
রামতারণ মুখোপাধ্যায় বাবাজীর শুভ
যজ্ঞোপবীত হইবেক আপনকারা মুলটীর
বাটীতে আগমন করিয়া শুভকর্ম্ম সংপূর্ণ্ন করি-
বেন পত্র দ্বারা নিমন্ত্রণ করিলাম ইতি
তারিখ ২০ বৈশাখ

[এই পৃষ্ঠার বামপাশে লেখা] ৭ঁশ্রীদুর্গাশহায় প্রতুলকর্ত্রী

[অপর পৃষ্ঠায় লেখা]
... মৌজে কৃষ্ণনগর পরগনে আরশা
শন ১২৪৪ শাল তারিখ ৭ বৈশাখ ...*

*এইপত্রে 'কৃষ্ণ'-শব্দের একীভূত রূপ রয়েছে।

২৩৬

হুকুমনামা বনাম নাজীর কাছারি স্পেশীয়াল
ডেপুটী কালেক্টরি জেলা মোং

রেলওয় ফিতরে পতিত ভুম্যাদীর দাবিদার
গনের নামীয় বিশেষ ইস্তাহার জারির বিশয়

অদ্যকার আদেশ মতে দাবিদারগণের নামীয় তারিখে
দীনাবধারিতে কেতা বিশেষ ইস্তাহার তোমার হাওলা করিয়া
লেখা জায় জে তুমি রিতমত দাবিদারের প্রতি ইস্তাহার
জারি করিয়া রোজ মিয়াদ মধ্যে কৈফিয়ৎ সম্বলিত
জারির রশীদ দাখিল করিবে ইতি শন ১৮৬(০)

২৩৭

৭ঁশ্রীকৃষ্ণ

শ্রীরজনীকান্ত শর্ম্মণঃ

পরম কল্যাণবরেষু

আমী সাক্ষাতকার সকল
কথা কহিয়াছি ৬।৭ বৈশাখ তক টাকা
পঠাইয়া তাহা না পৌছার কারণ
কি। বোদ করি বিস্মীত হইয়াছো
লোক না পঠাইয়া শ্রীমাণ কৈলাষ-
চন্দ্র ভটাচায্য বাপাজিউ জাইতে-
ছেন তাহার স্থানে বক্রী ৮
আষ্ট টাকা পঠাইবা তাহাতে
কোন শন্দেহ নাই জানীবা
আমারদিগের মঙ্গল তোমার

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
দিগের মঙ্গলাদি শমাচার
লিখিয়া তুষ্ট রাখিবা ইতি
তে ১৩ বৈশাখ

[পৃষ্ঠার বামপাশে লেখা]
পরম কল্যাণবর
শ্রীযুত ব্রজোনাথ মুনসী
পরম কল্যাণবরেষু
মোং কাদিরপাড়া *

*এইপত্রে 'কৃষ্ণ'-শব্দের একীভূত রূপ আছে।

২৩৮

শ্রীশ্রীকৃষ্ণ
শহায়

সেবক শ্রীউমানাথ শর্ম্মণঃ
প্রণামা শত শহস্র নিবেদনঞ্চ বিশেষঃ।
শ্রীচরন ধ্যান করনেই এ শেবকের ঐহিক পারত্রিকের
নিস্তার পরং অনেক দিবষ হইল আসীর্ব্বাদপত্রাদী
না পাওয়াতে জতেষ্ট . . . উদ্বিগ্ন আছি লোক
জাতাআতে মঙ্গলাদী শমাচার লিখিয়া শুস্থির করিবেন
এখানকার শমাচার আমরা শকলে শারিরিক ভাল আছি
শেজন্য চিন্তীত হইবেন না শ্রীযুত মাতুল মহাশয় মোং গুস্তীয়ায়
শারিরিক পিড়িত হইয়া কাহিলী হইয়াছেন শেজন্য বড়
উদ্বিগ্ন আছি মোং গুস্তীয়ায় লোক পাঠান গীয়াছে শমাচার
. . . লিখিব এখান হইতে জে ৫ পাচ টাকা কর্জ্জ করিয়া
গীয়াছেন শেটাকার জন্য ভারি তাগীদ হইতেছে এজন্য
নিবেদন লিখিতেছি এই লোক মারফত টাকার শেষ করিয়া পাঠাইয়া
দিবেন আর শাটী এক জোড়া এবং ধুতি এক জোড়া
আস্য২ পাঠাইয়া দিবেন বস্ত্রের ক্লেষ হইয়াছে জানিবেন ইহা
শ্রীচরনে নিবেদন করিলাম ইতি শন ১২৫০ শাল তে ১৪ জৈষ্ট

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
৭শ্রীশ্রীকৃষ্ণ
শহায়
শুভাশীর্ব্বাদ
শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মণা
পরম শুভাশীর্ব্বাদ বিশেষ

[অপর পৃষ্ঠায় লেখা]

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | [৭] | [৮] |
| মণ্ডা | খির | কলা | চিনি | মুলা | শশা | মধু | পেনী |
| দুগ্ধ | ঘৃত | ঘোল | দধি | লুচী | তাল | জল | |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |

মোনের কথায় মধু খাই ঘোল লুচী জল ভাই
　　মণ্ডা কলা দুগ্ধ মুলা পাই।।।
জলে ঘোলে ঘ্রত তাল কলা শোশা খাইতে ভাল
　　ইতছা করে মধু খির খাই।।।
মুলা শসা লুচি দধি　　　　তাল মধু হএ জদি
　　জল খাই চীনি পাই জদি।।
লুচি দধি তাল জলে　　　　ফেনী দুগ্ধ দিয়া ঘোলে
　　কিশরি মোহন বলে ঘ্রত মোনে লয়

## ২৩৯

৭শ্রীরাম

শ্রীনও কোড়ী
মণ্ডল সাকী (ন)
আম(ন)ষ্ট

ইং শ্রীগপেন্দ চন্দ্র চক্রবত্তিই
ও শ্রীইস্বরচন্দ্র চক্রবত্তিই
ফারগতি পত্রমিদং সন ১২৬১ সাল
লিখনং কায্যঞ্চ আগে আমার
করজা বাকী হিসাবের ও খতের
জে২ বাবদ বাকী শ্রীজুক্ত　　　　আপ[ন]কার
ঠাকুর মোহাশএর আমলের করজা
বাকী জে ছিল তাহা বেবাক বুঝিয়া

পায়া ফারোগ দিলাম কোন দিন
কালে কস্যে আমী কী এবং আমার
ওরিসান মিত্তা দাবি পরপঞ্চ
করিয়া দাবি করি তাহা নামজু[র] এত-
দর্থে ফারোগতি পত্র দিলাঙ
ইতি তারিখ ২১ শ্রাবন

[অপর পৃষ্ঠায় লেখা]
ইসাদ শ্রীশোনা
শরদার
সাকীন দুপচাচিয়া
ইং শ্রীহরীনাথ শরকার
সাকীন আমনষ্ট
পং খাট্টা

২৪০

শ্রীদুর্গা
শন ১৮২৩

শ্রীমাধবরাম দাষ

হাতচিটা শ্রীপোনা-
নন্দ সরূপ কলিরাম
শাং দৌলতপুর
আসামী দাদন
৬ সেতাম্ববর

নিলের দাদন
শন ১৮২৩ শালের
লহনা শন ১৮২৪ শা-
লের আগাও দাদন
৬।।২/১০ মং ছয়
টাকা শাড়ে এগাড়
আনা মাত্র

২৪১

৭শ্রীদুর্গা.শ্বরন

সেবক শ্রীগোপীনাথ দেবশর্ম্মাস্য
প্রনামা সমুহ নিবেদনঞ্চাদৌ মহাসয়ের
শ্রীচরনাসীর্ব্বাদে কল্যান বিশেষঃ পরং নিবেদন
এই শ্রীরাজনারায়ন দাষ ও শ্রীনেহান সৌর সাহান?
মহাসয়ের দুই ক্রপাপত্রি পাইয়া জ্ঞাত হইলাম
তাহাতে লিখীয়াছেন বাড়ীর সংর্ব্বাদ পায়েন নহে
আমী পুর্ব্বে দুই তিন পত্র নিবেদন লিখীয়াছী
সে জে হইক শ্রীযুত জয়মঙ্গল শর্ম্মার জজ্ঞপবিত
৮ত্রি জৈষ্ট ব্রহস্পতিবার হইয়াছে শ্রীযুত কৃষ্ণ-
মঙ্গল শর্ম্মার অন্নপ্রাষন ও ৺* শ্বরি পুজা
হইয়াছে তাহার কারন কোন ভাবনা না করিবেন
খরচপত্র জাহা পারেন পাঠাইবেন এখানে মহা-
জনের জেমত তাগাদা তাহাপত্রে কি লিখীব এবং
দোষ একান্ত কহীত তাহাতে নিত্য কিনীয়া খাওন

কর্ত্তা মহাসয় ইত্যে অবধানে জাহা করেন
বাড়ীর কারন চিন্তা না করিবেন শ্রীযুত বিষ্ণুমন
শর্ম্মা ও গয়েরহ সমস্ত কুষল আছেন তাহান
ঘর কারন কদাচ ভাবনা না করিবেন মহাসয়
জে কার্য্য প্রওজন করেন বিমচনাপুর্ব্বক করিবেন
রেসম এক তোলা ও প্রবাল দুই জোড় খরিদ
করিয়া পাঠাইবেন ইহা শ্রীচরনে নিবেদন
করিল মিতি তে ৩ আস(াড়)

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
এই পত্রে শ্রীপঞ্চানন দাষক
নিবেদন আমার কারন কুশাসন
ভাল দেখীয়া একখান খরিদ করিয়া
পাঠাইবেন ইতি

*-চিহ্নিত স্থানের জন্য প্রান্তিকে লিখিত টীকা: 'স্যামা'।

## ২৪২

শ্রীশ্রীযুত

শ্রীচরনকমলেষু
মহাশয়র আশীর্ব্বাদনামা অপ্রাপ্তে
ভাবিতাছি জাহাউক লিপীপূর্ব্বক
সরফরাজ রাখীতে আজ্ঞা হয় অধি(ক) কী
নিবেদীবম মহাশয় মালিক ইতি সন ১২৬৩স

তে  ৪ ফালগুন

সেবক

শ্রীমাহাম্বদ কামিল

[পৃষ্ঠার বামপাশে লেখা]

পূজনীয় শ্রীযুত কালীশঙ্কর তর্কলঙ্কা মহাশয়র
শ্রীশ্রীচরনকমলেষু

[অপর পৃষ্ঠায় লেখা]

সত্যনারায়ণ পূজার খরচ

| | | | |
|---|---|---|---|
| দুগ্ধ ১। | ৵পাই | কাগজ | ৶ |
| চাউল | ১৫ পাই | দুগ্ধ চাউল | ৵ |
| কলা | ১৫ | গুড় কলা | ৵ |
| কাঠাল | দ৵ | বাতাসা | ৵১০ |
| গুড় | ৴৫ | চন্দন | ৶ |
| বাতাস(া) | ৴১০ | লঙ্গ | ৫ |
| | ১৵১৫ | | ।।৶১৫ |
| দুগ্ধ | ৴৫ | কালীপূজা | |
| চাউল | ৴১৫ | চাউল | ১৫ |
| কলা | ১৫ | চাউল | ১৫ |
| কাঠাল | ৶১০ | কলা | ১৫ |
| গুড় | ৴৫ | বাতাশা | ৴১০ |
| বাতাসা | ৴১০ | চিনি | ১০ |
| | ।৵ | পাঠা | ১৵৫ |
| শনিপূজা | | দক্ষিণা | ।৵ |
| কলা | ৴. | | 2।৶১০ |
| বাতাসা | ৴. | | |

*এই পত্রের উভয় পৃষ্ঠারই নানাস্থানে ভিন্ন হস্তাক্ষরে সংস্কৃত ভাষার কিছু শ্লোক লিখিত হয়েছে।

২৪৩

রোবকারি কাচারি কালেকট্টরি জিলে ঢাকা জালালপুর বৈঠক
শ্রীযুত মেং আর আর ইষ্টাট সাহেব একটীন কালেকট্টর
তারিখ ৩১ জানওারি শন ১৮৫১ ইং
শ্রীকালীকান্ত চট্টপাধ্যায় সাকিন সীংহপাড়া একরার
থানে শ্রীনগর দেহেন্দা
জেলা ঢাকার কালেকট্টরির মোতালক
জেলা হয়দরাবাদ তাং রামজিবন শর্ম্মাও
জেলা বিক্রমপুর তাং রতন সিংহের . . . *

[অপর পৃষ্ঠায় লেখা]
তাহা এবং মুল্য তদন্ত করিয়া কৈফিয়ত দেয় আর এক মাষ
ম্যাদে ৩ কেতা ইস্তাহার লিখীত হইয়া তাহার দুই কেতা নাজিরের
হাওলা করা জায় জে নাজির ঐ ইস্তাহারের এক কেতা অত্র
কাচারির সদর দরওাজাতে ও দিতিয় কেতা সরেজমীনে
রিতিমতে জারি করিয়া কৈফীয়ত দাখীল করে আর এই
রোবকারির এক কেতা নকল সহকারে ত্রিতিয় কেতা ইস্তাহার
এজিলার শ্রীযুক্ত মেজেষ্টর সাহেবের সদনে পাঠান জায়
জে শ্রীযুত ঐ ইস্তাহার অত্র জিলার স্বাধিন শ্রীনগরের
থানাতে জারি করাইয়া জারির কৈফীয়ত এবং ফৌজদারি
সম্পর্কে উক্ত জায়দাদ কাহার জামীনিতে বন্দক আছে
কিনা তাহার শংবাদ লিখীয়া অনুগ্রহ প্রকাষ করেন ও
দ্বিতীয় নকল এজিলার শ্রীযুত জজ শাহেবের শমীপে পাঠান . . .*

*-চিহ্নিত অংশের পরে দলিলটি খণ্ডিত।

২৪৪

৭শ্রীশ্রীরামঃ

৭ব্রত্য শ্রীকৃষ্ণমোহণ শেন
প্রনামা সতকুটী নিবেদনঞ্চাদৌ
শ্রীযুত ভট্টাচার্য্য মহাশয়ের শ্রীশ্রীচরণাশীর্ব্বাদে
অত্র কল্যাণ বিং মৌজে জগন্নাথপুরের জমী।
সাকিণ খলশীর শ্রীতকী মামুদ শরদারেক পত্তণ করিয়া
পাট্টা দেওা গীয়াছে তাহার কবুলিয়[ত] সরকারে দাখীল
আছে শরদার মজকুর শকল জমী দখল পায়ে না
অন্য লোকে জে জমী ঠহরিয়া দেখাইয়া দেয় শে জমী
তরি শরকার দখল করিয়া শরদারেক বেদখল দেয়।
সে জন্নে শ্রীবাদলা কীত্তু শ্রীচরণ নিকট জাইতেছে।
জবানিতে জ্ঞাতা হইয়া শ্রীগেনা দাষকে কল্য।
পঠাইয়া দিবেণ আর তরফ কামালের আপন-
কার ব্রহ্মত্তর জমী শ্রীযুত চক্রবর্ত্তী এলা[গা]এদ

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
ভোগ করিয়া আশীয়াছে
সে জমী আমী দখল করিয়া
তাহার শষ্য কোরক করিয়া

আপন হেবাজাতে রাখীয়াছি
চক্রবর্ত্তীর পত্তনী রাইয়ত
আমার নামে আপণকার।
নিকট নালিষ করিতে জাইবেক
তাহাকে জওাব দিয়া বিদায়
করিবেণ আদালত ফেজদারি
আমার জীক্ষা ইহা।
শ্রীশ্রী কমল চরণে
নিবেদিলাম
ইতি
মিতী ৪ ভাদ্র

২৪৫

৭শ্রীশ্রীরাম

৭আজ্ঞাকারী শ্রীশ্রীকান্ত সর্ম্মনঃ
দণ্ডবৎ প্রনামা সতকোটি নিবেদনঞ্চাদৌ মোহাসএর চরনাসির্ব্বাদে
আমার প্রানগত কল্যান বিশেষঃ নিবেদন মোহাসএর নিকট জাওার সঙ্গবাদ দোলপর ছিল
তাগাদাক্রমে জাইতে পারিলাম না তাহাতে মোহাসএ রাগ পাইবেন না আমি লাগাএদ পচিশা
ছাব্যিসা চরন নিকট পহুছিব একবারের টাকা দিব আমার জে সকল নিবেদন থাকে তাহা সকলি
কহিব আর এক নিবেদন শ্রীরামদাস কোচ মোহাসএর নিকট জাইতেছে ইহার

জাইতা

শ্রীলক্ষন কোচের এক জ্ঞাতি মির্ত্তু হয়াছে তাহার পুর্ণ্ণসৌচ লাগে তাহার অশৌচ পুর্ণ্ণ না হওাতে

চদ্য দিবসে কামায়া মৎসমুখি হয়াছে এবং লক্ষন মজকুরের আর এক ভাগিছিল তিনি পুর্ণ্ণ

অশৌচ ধান করিয়া স্বান্তি পর্ষ করিয়া সুদ্দতা হৈল যেজন্যে শ্রীরামদাস ও শ্রীমুচিরাম দাস ও

শ্রীরামকীসর দাস ও শ্রীখাবুসা দাশ লক্ষন মজকুকে ব্যবস্তা সাপক্ষ রাখিয়া আটাক

করিয়াছে তাহাতে লক্ষন মজকুর ফরবি করিয়া রাজধানি হৈতে ইহাদ্দিগের নামে নালিস

করিয়াছে সে কারন মোহাসএ চরন নিকট পঠাই ইহার দ্দি[গে]র প্রমুখাতা জ্ঞাত হৈয়া প্রায়শ্চিত্যের

এক লিখন আমার নামে আজ্ঞা করিয়া দিবেন আমি এখাণে　　　পাতি দিব

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]

শ্রীযুত দেওানজী মোহাসএক একপত্র লিখিবেন

মোহাসএ জাইতের কর্ত্তা বটেণ এবেটার জেমতে প্রায়শ্চৈত্য হএ তাহা করিবেণ

আপনকার কীঞ্চিত পুজা জাইতেছেণ তাহা লইবেণ পরে পুজা হবেক চাসা লোকে

এমত না হওাতে ব্যবস্তা মানিবেক না মোহাসএ জাহা বিধান হএ তাহা করিবেণ

ইহা শ্রীশ্রীচরণে নিরেদণ করিলাম ইতি তারিখ ১৪ চৈত্র

[অপর পৃষ্ঠায় লেখা]

পুজ্যত্তম শ্রীযুত ৺ ভট্টাচার্জ্য

মোহাসএর শ্রীশ্রীচরণেষু

২৪৬

৭শ্রীশ্রীদুর্গা

৭ভবদীয় শ্রীগোপীচন্দ্র শর্ম্মণো নমস্কৃতির্ণ্ণিবেদনমেতদ্বিশেষঃ
১১ আষাঢ় বুধবার পৌত্র শ্রীমান ঈশ্বরচন্দ্র শর্ম্ম চৌধুরির শুভবিবাহ
পত্র দ্বারা নিমন্ত্রণ করিলাম আগমনে কৃয়া সংপূর্ণ্ণ করিবেন নিবেদনমিতি তাং
জ্যৈষ্ঠস্য দ্বাবিংশতি মুস্ত্রোদ্ভবেয়ং লিবিঃ

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
নিবেদন
দসহি আষাঢ়
আগমন হয়

[অপর পৃষ্ঠায় লেখা]
অশেষ সদ্‌গুণালঙ্কৃতঃ শ্রীযুত কালীপ্রসাদ ভট্টাচার্য্য
মহাশয়েঃ

শ্রীঃ

*  (=শ্রীঃ)

২৪৭

৭শ্রীশ্রীহরি
শন ১২০১

শ্রীকৃষ্ণকান্ত শর্ম্মণঃ
শ্রীকৃষ্ণনাথ শর্ম্মণঃ

ইং বণ্ট খানাবাড়ি পশ্চীমপাড়
জজমান ও গয়েরহ

খানাবাড়ি
ইৎসাবণ্ট ১

উত্তর হিষ্যা
পুর্ব্বপশ্চীম দির্ঘ
কৃষ্ণনাথ চক্রবর্ত্তী

পুষ্কর্ণীর
পশ্চীম পাড়
গুনিবণ্ট ১

দক্ষিন হিষ্যো
পুর্ব্ব পশ্চীম দির্ঘ
কৃষ্ণকান্ত চক্রবর্ত্তী
মাং ব্রহ্মা শমেত

জজমাণ
শ্রীগঙ্গাপ্রশাদ
নেউগী
দিগর ৯
তং কৃষ্ণনাথ
চক্রবর্ত্তী

উত্তর হিষ্যা
পুর্ব্বপশ্চীম দির্ঘ
কৃষ্ণকান্ত চক্রবর্ত্তী
দক্ষিন হিষ্যো
পুর্ব্বপশ্চীম দির্ঘ

জজমান
শ্রীনরনারায়ণ
নেউগী
দিগর ৯
তং কৃষ্ণকান্ত চক্রবর্ত্তী
বাদ্য
সঙ্খ
ও চকী
শামান্যা
রহিল ইতি

কৃষ্ণনাথ চক্রবর্ত্তী
মাহে ব্রহ্মা শমেত
ইতি

[অপর পৃষ্ঠায় লেখা]
ইশাদ
শ্রীযত ধর্ম্ম*

*এইপত্রে সর্বমোট ৮ বার 'কৃষ্ণ'-শব্দের প্রয়োগ রয়েছে। এর মধ্যে ৭ বারই একীভূতরূপে 'কৃষ্ণ'-শব্দটি ব্যবহৃত হয়েছে।

## ২৪৮

শ্রীদুর্গা

শাক্ষি
শ্রীআশারাম দেব
শাক্ষী
শ্রীকৃষ্ণরাম দেব

শ্রীভৈরবচন্দ্র দত্তষ্য

শ্রীকির্ত্তিধর ভট্টাচার্য্য বরাবরেষু
লিখীতং শ্রীভৈরবচন্দ্র দত্তষ্য
(কষ্য কোবুলিওত) পত্রমিদং কার্য্যঞ্চাগে
আপনার পং [হিং সাং] ও মৌজে
মাধবপাসা বনামে তালুক হলধর ভট আপনার
নিজ হিশ্বা হইতে মং ।১ চারি কেদার
জমি জুত করিলাম এহার খেরাজ
সালীয়ানা মং ৪\ চারি টাকা শীক্কা
দিমু এতদর্থে কোবুলিওতপত্র
লিখীয়া দিলাম ইতি শন ১২৩৯ বাং
মাহে  ২০ ফালগুন *

*মূল পত্রটির কিছু অংশের পাঠ বিনষ্ট হয়েছে।

২৪৯

নিবেদন
পত্রে অবধান
হবেক ইতি

শ্রীবৈদ্যনাথ সর্ম্মার
প্রনাম নিবেদনঞ্চ বিশেষঃ
আমার দ্বিগের পুরহিত মহাশয়
বরিক কাহিল তাহা জানিতেছেন
তিনী অদ্য মালতীনগর গমন করিলেন

পুজা তক রক্ষা পান এমত আকার নহে
একারন এথাকার পুজাতে অন্য জনেক
ব্রাম্মন স্থির না করিলে সাহস হয় না
কিন্তু দিবশ অতি নিকট ইহাতেই নিতান্ত
বেস্তাছী মহাশয়েরা নিজে জনেক অথবা
শ্রীযুত চক্রবর্ত্তী জিও কিম্বা মহাসয়ের
পুরহিতেরা জনেক হৈলেও ক্ষেতি নাহি
দক্ষীনা বস্ত্রাদী জে পাওাছে তাহা মোট
দেওার স্বিকারাছেন ৩ আস্বিন বোধন-
কল্পে ঘট স্থাপন জানিতেছেন একজন
নহিলে ব্যাপার বাদ হয় অনুগ্রহপুর্ব্বক
চেষ্টা করিয়া জে হয় লিখিবেন এথাকার
গতিক কি নিবেদন লিখিব শ্রীমান চন্দ্রনাথ
শর্ম্মা বরিক কাহিল হৈয়াছিল এহিক্ষণ
কিঞ্চীত আরাম হৈয়াছে বিস্তারিত
প্রমুখাত জ্ঞাতা হৈবেন লোকাগতে

[অপর পৃষ্ঠার উপরের পাশে লেখা]
নিজ মঙ্গলাদীদে তুষ্ট
রাখিবেন নিবেদন
ইতি ২৬ ভাদ্র
বাংলা

[এই পৃষ্ঠার নিচের দিকে ভিন্ন হাতে লিখিত হয়েছে]
'১২৫১ শাল' *

*মূলপত্রের ঊর্দ্ধাংশের অংশবিশেষ ছিন্ন। সম্ভবত এখানেই 'মঙ্গলোচ্চারণ'-স্বরূপ কোনও দেবতার নাম লিখিত ছিল।

২৫০

শ্রীহরিঃ

ভবদীয় শ্রীসদানন্দ শর্ম্মণো
নমসকারাঃ সন্তু বিশেষঃ অপর
আত্মদশার মাহাত্ম লিখিতে লি-
পি বাহুল্য মতে সম্প্রতিক শ্রীসৃষ্টি-
ধর ভট্টাচার্য্য ভায়ার লিপি অনু-
সারে চেষ্টা পাইবেন অগত্যা অধি[ক]
অধিক সমাচার জ্যৈষ্ঠ ভ্রাতৃবধু
ঠাকুরানীর প্রমুখাৎ বেদ্য হইবে-
ন গতায়াতে মঙ্গলাদি লিখিবেন
কিমধিকমিতি তারিখ ১৫ ভাদ্র

[অপর পৃষ্ঠায় লেখা]
পুনশ্চ যদি প্রতুল হই-
য়া উঠে তবে অগ্রহায়নে
হইলে ভালোই হয় এই বিশেষ
জানিবেন ইতি

২৫১

৭ঁশ্রীশ্রীহরি

সেবক শ্রীরাধারমণ দাশস্য

দণ্ডবৎ প্রনাম নিবেদনঞ্চ
মহাশএর শ্রীচরনাশীর্ব্বাদে অত্র
কল্যান বিশেষঃ। অনেক দিবসাবধি
কোন তত্ত পাই নাহী সারিরিক মঙ্গলাদী
লিখীত আজ্ঞা হবেক রশীপুর ছাতীন গাঁর
গ্রেদে জদী কোন গতীকে ঝটীত আগমোণ হয়
তবে আগীড়া মোকামে আমাকে দরশণ দীয়া
জাবেণ নিজের একাদ নিবেদণ আছে আর পাঁচশাত
রোজ মদ্ধে এগ্রেদে আইশার দরকার না থাকে
[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
তাহাও লিখীবেন
আমী নিকট পহুছিতাও
কীন্তু জেমত আবদ্ধতাতে
আছী বিনা সাক্ষাতে
পত্র বাহুল্য ইমসন ৺ পুজা
খানী করার জেগতীকে বাশনা
তাহা জ্ঞাতাছেন তাহার পুজা
ব্রাক্ষন আমার বাশনামত
পাই না বেওরা শাক্ষাত
নিবেদণ করিয়া
নিবেদনিতী ২৭ ভাদ্র

[অপর পৃষ্ঠায় লেখা]
হ্রীং মহিষমর্দিনি স্বাহা
[এর নিচে একটি দ্বাদশদলপদ্মের প্রতিকৃতি আঁকা রয়েছে।]

২৫২

৭শ্রীশ্রীহরিঃ

৭ত্বদীয় শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মণঃ
সবিনয় নমস্কৃতির্ন্বিবেদনঞ্চ
বিশেষঃ পরমপ্রায় সুনিলাম
শ্রীযুত ৺ মহাশয় উদর বিগারে
কাহিল হৈয়া আলয় আশীআছেন
অখন তাহার কি তক বেওারা তত্ত
পাইলে স্থির তাকি এবং শ্রীমান আন-
ন্দ চন্দ্র শর্ম্মার কাহিল উত্তোত্তর বিরাম
বটে অপর শ্রীমান ভালই আছে
তদ্বিশয় ভাবিত নহিবেন শ্রীমানের

[পৃষ্ঠার উপরের পাশে লেখা]
দিগের আশীর্ব্বাদ
করিতেছেন করিবেন
বিবাহের নিমন্ত্রণে
অবশ্য২ আশীবেন
নিবেদনং ইতি
তাং ১৯ বৈশাখ

[অপর পৃষ্ঠায় লেখা]
মহামহিম শ্রীযুত রাম ভট্টাচার্য্য
মহাশয়
শ্রীঃ*

*শ্রীঃ (শ্রী) = সরস্বতী (বাগ্‌দেবী, বাগীশ্বরী)

বেওারা (২৫১-এ 'বেওরা') = ইতিহাস, বৃত্তান্ত (*বৃহৎ ছাত্রবোধ অভিধান* : পৃ ৮৯৭) 'বেওরা'

২৫৩

৭শ্রীশ্রীহরি

মহামহিম শ্রীযুত চন্দ্রমোহন
ভট্টাচার্য্য মহাশএষু
হাতশহি
শ্রীনছরানষ্য
শ্রীশোকট্টানষ্য
শাং বোবাই
পরগনে শেলবর্ষ

লিখীতং শ্রীনছরানষ্য শ্রীশোকট্টানষ্য
একরারপত্রমীদং শন ১২৬২ শন শালাব্দে
লিখনং কার্য্যঞ্চাগে আমী নছরা আপনকার নিকট
মোন ধান্ন লইলাম তাহার সুদ /· মোন একুন
মোন আমী শোক্টানষ্য মোন ধান্ন লইলাম
সুদ ১৫ কাঠাত /১৫ মোন হামনী ।১৫ পোনে
পাচ মোন ধান্ন ৫ পা শেষা কাঠার \ জেয়াতে
লইলাম পৌষ মাশে মায় সুদ শোদ করিয়া
একবার ফেরত লইব ইহা শেওায় আলাহেদা রশীদ
কীম্বা শাক্ষী গুজীবাই তাহা নামঞ্জুর ইতি তে ২৪ আশাড়

| | | |
|---|---|---|
| শ্রীকালামস্য | ইশাদ | শ্রীশোক্টানষ্য |
| শাং বোবাই | | শাং তথা |

(ক্রমশ)